


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৭ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 19 March, 2021 ■ আগরতলা, ১৯ মার্চ ২০২১ ইং ■ ৫ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ পৃষ্ঠা তিন

## বিজেপিতে রাম



বৃহস্পতিবার রামায়ণ টিভি সিরিয়েলের রাম চরিত্রাভিনেতা অরুণ গোভিলকে দলে বরণ করেন নেন বিজেপি সভাপতি জে পি নাড্ডা।

## বিজেপিতে যোগ দিলেন রামায়ণের রাম

**নয়াদিল্লি, ১৮ মার্চ (হি.স.) :** বিজেপিতে যোগ দিলেন রামায়ণ টেলিসিরিয়ালে শ্রীরামের নামভূমিকায় অভিনয় করা অরুণ গোভিল। দূরদর্শনে রামায়ণের সম্প্রচার শেষ হওয়ার ৩৩ বছর অরুণ গোভিল বৃহস্পতিবার আনুষ্ঠানিক ভাবে যোগ দিলেন বিজেপিতে। এদিন বিজেপির প্রার্থী তালিকা ঘোষণার আগেই তাঁর নাম ঘোষণা করেন বিজেপির জাতীয় জেনারেল সেক্রেটারি অরুণ সিং।

রামের প্রতি ভালবাসায় উদ্বুদ্ধ হয়ে বিজেপিতে যোগ দিলেন স্বয়ং শ্রী রাম। "জয় শ্রী রাম" ধ্বনি দিয়ে প্রায়শই শ্রীরামের প্রতি ভালবাসা ও শ্রদ্ধা জ্ঞাপন করে থাকেন বিজেপি কর্মী-সমর্থকরা। এবার বিজেপিতে যোগ দিলেন স্বয়ং ভগবান শ্রী রামই। গেরুয়া শিবিরে ☛ ৬ এর পাতায় দেখুন

## প্রতারক গ্রেপ্তার আনন্দনগরে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ মার্চ।।** ওএনজিসিতে চাকরি দেওয়ার নাম করে টাকা আদায় করতে এসে হাতেনাতে ধরা পরল এক প্রতারক। তার নাম রাজেশ দেববর্মা।দুর্নীতি ও প্রতারণায় বাম আমলকে ছাড়িয়ে গেল রাম আমল। বর্তমান সরকারের আমলে প্রতারক চক্র সক্রিয় হয়ে উঠেছে। বেকার যুবক যুবতীরা চাকরির জন্য হন্যে হয়ে ঘুরছে। সরকারি দপ্তরে চাকরি পাওয়া এখন রীতিমত ভাগ্যের বিষয় ☛ ৬ এর পাতায় দেখুন

## মহিলা বিশ্ববিদ্যালয় সহ ত্রিপুরার উন্নয়নে সংসদে গুচ্ছ দাবি পেশ সাংসদ প্রতিমার

**নয়াদিল্লি, ১৮ মার্চ (হি.স.)।।** ত্রিপুরার উন্নয়নে আজ সংসদে এক গুচ্ছ দাবি পেশ করেছেন সাংসদ প্রতিমা ভৌমিক। মহিলা বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে এইমস সদৃশ্য হাসপাতাল সহ পর্যটন, কৃষিতে কেন্দ্রের আরও সহযোগিতা চেয়েছেন তিনি। এদিন সংসদে তিনি ত্রিপুরায় কমিউনিস্ট নেতাদের উদ্দেশ্যে বিদ্রুপ করে বলেন, লকডাউনে কেন্দ্র ও রাজ্য সরকারের তীব্র সমালোচনা করে এখন তারা লুকিয়ে করোনা-র টীকা নিচ্ছেন। অথচ অন্যদের টীকা না নেওয়ার জন্য ভুল বোঝাচ্ছেন।

আজ সংসদে অতিরিক্ত ব্যয় বরাদ্দের প্রস্তাব নিয়ে আলোচনায় সাংসদ প্রতিমা ভৌমিক বলেন, দেশের উন্নয়নের মানচিত্রে উত্তর-পূর্বাঞ্চল স্বীকৃতি পেয়েছে। অ্যাক্ট-ইস্ট নীতি বাস্তবায়নে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এগিয়ে চলেছে উত্তরপূর্ব। তিনি বলেন, গত ৯ মার্চ ত্রিপুরায় সরকার পরিবর্তনের তিন বছর পূর্তি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী ৩,৫০০ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এদিন তিনি সংসদে এইমস সদৃশ্য হাসপাতাল ত্রিপুরায় স্থাপন করার দাবি জানিয়েছেন। সাথে তিনি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন, আন্তর্জাতিক ঐতিহ্য হিসেবে ঊনকোটিকে স্বীকৃতি, নেরামেক পুনরায় চালু করা, হকি খেলার জন্য স্টেডিয়াম, উন্নতমানের বাসস্ট্যান্ড এবং মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন করার দাবি জানিয়েছেন।

## আগরতলায় যুবক এবং কদমতলায় যুবতীব ঝুলন্ত মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি/আগরতলা, ১৮ মার্চ।।** রাজ্যের পৃথক স্থানে দুজনের ফাঁসিতে ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করা হয়েছে। আগরতলায় আড়ালিয়া এক যুবকের এবং কদমতলায় এক যুবতীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করা হয়েছে।

সংবাদে প্রকাশ, ফাঁসি লেগে আত্মঘাতী ২১ বছর বয়সী এক যুবতী।মৃতার নাম লক্ষ্মীমণি উরাং। ঘটনা কদমতলা থানাধীন রানীবাড়ী গ্রাম পঞ্চায়েত এলাকার জয় সিং গোল পাড়ায়।কদমতলা থানার পুলিশ ঘটনাস্থল থেকে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কদমতলা গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। পাশাপাশি একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করে দিয়েছে পুলিশ।

ঘটনার বিবরণে জানা যায় উত্তর জেলার কদমতলা থানাধীন রানী বাড়ি গ্রাম পঞ্চায়েতের জয় সিং গোল পাড়ার বাসিন্দা লক্ষ্মীমণি উরাংকে গতকাল সকাল থেকে তার পরিবারের লোকজন কোথাও খুঁজে পাচ্ছিল না। দুপুরে লক্ষ্মী মনির বৌদি খেতে গরু চরাতে গিয়ে টিলার উপরে তাকিয়ে দেখতে পান লক্ষ্মীমণির মৃতদেহ টিলার উপর একটি বাঁশ ঝাড়ে ঝুলে রয়েছে। তখনই তড়িঘড়ি করে বাড়িতে এসে পরিবারের লোকজনকে জানান। ঘটনার খবর পেয়ে পরিবারের লোকজন ঘটনাস্থলে ছুটে যান। মৃতার বড় ভাই জানান গতকাল সকাল ১১ টা থেকে নিখোঁজ ছিল লক্ষ্মীমণি উরাং (২১) পিতা মতিলাল উরাং। গতকাল বিকাল বেলা ☛ ৬ এর পাতায় দেখুন

## তৃণমূলের পরাজয় এবার নিশ্চিত মন স্থির করেছেন বঙ্গবাসী ঃ মোদী

**পুরুলিয়া, ১৮ মার্চ (হি.স.):** পশ্চিমবঙ্গের জনগণ অনেক আগে থেকেই নিজেদের মন স্থির করে নিয়েছেন, লোকসভায় তৃণমূল অর্ধেক, এবার পুরোপুরি শেষ। অত্যন্ত আত্মবিশ্বাসের সঙ্গে জানিয়ে দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

বৃহস্পতিবার পুরুলিয়ার জনসভা থেকে প্রধানমন্ত্রী বলেছেন, 'পশ্চিমবঙ্গে যখন ডবল ইঞ্জিনের সরকার তৈরি হবে, তখন বিকাশ হবে এবং মানুষের জীবন আরও সহজ হয়ে উঠবে। কাউকে নিজ রাজ্য ছেড়ে অন্যত্র যেতে হবে না।' একইসঙ্গে তৃণমূলের 'খেলা হবে' স্লোগানকে কটাক্ষ করে প্রধানমন্ত্রী বলেছেন, 'দিদি বলেন খেলা হবে, বিজেপি বলে প্রত্যেক ঘরে পরিষ্কার জল হবে। দিদি বলেন খেলা হবে, বিজেপি বলে গ্রামে গ্রামে সুবিধা হবে। দিদি বলেন খেলা হবে, বিজেপি বলে হাসপাতাল হবে।' এদিন পুরুলিয়ার জনসভায় উপস্থিত মানুষজনের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেছেন, 'নমস্কার আপনারা কেমন আছেন? আমি এই রাঙামাটিতে পা রেখে নিজেকে অনেক ভাগ্যবান বলে মনে করছি। এই পুরুলিয়ার পবিত্র ভূমিকে ভগবান রামচন্দ্র এবং সীতা মাতার বনবাসের সাক্ষীও বলা হয়। এখানে অযোধ্যা পাহাড়ও আছে। এখানে সীতাকুন্ডও আছে। অযোধ্যা নামের গ্রাম পঞ্চায়েতও এখানে আছে। বলা হয় সীতা মাতা যখন তৃষ্ণার্ত ছিলেন, তখন ভগবান রাম জমিতে বান মেরে জল বের করেছিলেন, কিন্তু বর্তমানে সেই পুরুলিয়াই জল কষ্টের মধ্যে রয়েছে।

বর্তমানে পুরুলিয়ায় জল সঙ্কট অনেক বড় সমস্যা। আগে বাম, এখন তৃণমূল সরকার কিছুই করেনি। এখানকার জল কষ্ট এতটাই তীব্র যে, এখানকার কৃষক, আদিবাসী ভাই-বোনেরা চাষ আবাদ ভালো ভাবে করতে পারেন না। এমনকী পশুপালনও ভালোভাবে করতে পারে না তাঁরা।'

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আক্রমণ করে প্রধানমন্ত্রী বলেছেন, 'দিদি এখানকার মানুষ আপনাদের কাছে জবাব চাইছে। উত্তর দেওয়া প্রয়োজন কি প্রয়োজন নয়? এতদিন কাজের হিসাব নেওয়া উচিত কি নয়? আট বছর পরেও পুরুলিয়ায় জল প্রকল্প হয়নি। যখন বাংলায় ডবল ইঞ্জিনের সরকার তৈরি হবে, তখন এখানে বিকাশ হবে এবং আপনাদের জীবন সহজ হয়ে উঠবে।' প্রধানমন্ত্রী বলেছেন, 'তৃণমূল সরকার নিজেদের খেলা নিয়েই ব্যস্ত। পুরুলিয়াকে তাঁরা জল সঙ্কট দিয়েছে। পুরুলিয়াকে দেশের সবথেকে ☛ ৬ এর পাতায় দেখুন

## দল বিরোধী কার্যকলাপের দায়ে

## দুই মন্ডল সভাপতিসহ ১১ জন নেতৃত্বকে দল থেকে বরখাস্ত করল বিজেপি

**আগরতলা, ১৮ মার্চ (হি.স.)।।** দল বিরোধী কার্যকলাপের দায়ে বিজেপির ত্রিপুরা প্রদেশ কমিটি ১১ জন বিভিন্ন পদাধিকারী ও কার্যকর্তাকে ছয় বছরের জন্য বরখাস্ত করেছে। আজ বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলনে দলের মুখ্য মুখপাত্র সুব্রত চক্রবর্তী এই খবর দিয়েছেন। তাঁর কথায়, দলীয় অনুশাসনের উর্ধে কেউ নন। কারণ বিজেপিতে কোনও ব্যক্তি মুখ্য নয়।

এদিন তিনি বলেন, সম্প্রতি একাংশ পদাধিকারী ও কার্যকর্তা দলীয় অনুশাসনের বাইরে গিয়ে দলের ভাবমূর্তি কলুষিত করার পাশাপাশি দলকে হেয় প্রতিপন্ন করার নোংরা কাজে লিপ্ত হয়েছেন। তাই তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে। তাঁর কথায়, দল-বিরোধী কাজের দায়ে ১১ জন বিভিন্ন পদাধিকারী ও কার্যকর্তাকে ছয় বছরের জন্য বরখাস্ত করা হয়েছে।

তিনি জানান, অম্পিনগরের জনজাতি মোর্চার সদস্য মঙ্গলসিং কলই, রাইমাভ্যালি মণ্ডল সভাপতি ভূমিকানন্দ রিয়াং, ধলাই জেলা সহ-সভাপতি বিকাশ চাকমা,



পেচারথল মণ্ডল সাধারণ সম্পাদক ডি কে কুমার রিয়াং, ছামনু মণ্ডল সদস্য রতনজয় ত্রিপুরা, এসসি মোর্চার সদস্য দুলাল দাস, এসসি মোর্চার ধলাই জেলা সভাপতি সুকমল বিশ্বাস, করমছড়া মণ্ডল সদস্য তপন রায়, করমছড়া মণ্ডল সভাপতি জোসেফ লাল ফামকিমা, কৃষ্ণপুর মণ্ডলের মহিলা মোর্চা সাধারণ সম্পাদিকা সুকুমতি দেববর্মা এবং আমবাসা মণ্ডলের শক্তিকেন্দ্র প্রভারি ব্রজেন্দ্র দেববর্মাকে বহিষ্কৃত করা হয়েছে।

সুব্রতবাবু বলেন, তাঁরা বিজেপি-র বিরুদ্ধে অপপ্রচার করছেন। শুধু তা-ই নয়, দলীয় আদেশ লঙ্ঘন করে নির্দল প্রার্থী হচ্ছেন, প্রার্থীর পক্ষে প্রচার করছেন। তাই, তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। তাঁর কথায়, বিজেপি-তে ব্যক্তি মুখ্য নয়, দলই প্রধান। সাথে তিনি দাবি করেন, এডিসি নির্বাচনের প্রাক-মুহূর্তে এই কঠোর সিদ্ধান্ত দলের অভ্যন্তরীণ ড্যামেজ কন্টোলে সহায়ক হবে।

## বিমা সংস্থা বেসরকারীকরণের প্রতিবাদে এক দিনের ধর্মঘট পালন করল কর্মীরা

**আগরতলা, ১৮ মার্চ (হি.স.) :** বিমা সংস্থাকে বেসরকারীকরণের সিদ্ধান্তের প্রতিবাদে আজ বৃহস্পতিবার সারা দেশের সাথে ত্রিপুরায়ও এক দিনের ধর্মঘট পালন করেছেন বিমা কর্মীরা। তাঁদের দাবি, বিমা সংস্থা বেসরকারীকরণের আত্মঘাতী সিদ্ধান্ত প্রত্যাহার করুক কেন্দ্রীয় সরকার। এই দাবি মেনে নেওয়া না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছে কর্মী সংগঠন।

আজ বিমা কর্মী সংগঠনের রাজ্য সম্পাদক শ্যামল চক্রবর্তী বলেন, গত ১ ফেব্রুয়ারি সাধারণ বাজেট ভাষণে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বিমায় বিদেশি বিনিয়োগ ৪৯ শতাংশ থেকে বাড়িয়ে ৭৪ শতাংশ করার প্রস্তাব রেখেছেন। শুধু তা-ই নয়, বিমা সংস্থাকে শেয়ার বাজারের সাথে নথিভুক্ত এবং ক্রমান্বয়ে জীবন বিমা কোম্পানির শেয়ার বিক্রি করে ৫১ শতাংশে নামিয়ে কেন্দ্রীয় সরকারের আসল উদ্দেশ্য রয়েছে। তাতে, সাধারণ মানুষের স্বার্থ ক্ষুণ্ণ হবে।

তিনি বলেন, জীবন বিমা কোম্পানির কর্মীদের বেতন কাঠামো ৪৩ মাস ধরে পরিবর্তন করা হচ্ছে না। ফলে, জীবন বিমার সাথে যুক্ত কর্মীরা আর্থিকভাবে লোকসানের সম্মুখীন হচ্ছেন। তাই, আজ এক দিনের ধর্মঘট পালন করা হচ্ছে। এর মধ্য দিয়ে কেন্দ্রীয় সরকার আমাদের সমস্ত দাবি মেনে না নিলে আগামী দিনে বৃহত্তর আন্দোলন সংগঠিত করা হবে।

## এডিসি নির্বাচনে প্রচারের আনুষ্ঠানিক সূচনা করল বিজেপি, মিলছে বিপুল সাড়া

**আগরতলা, ১৮ মার্চ (হি.স.) :** এডিসি নির্বাচনে ত্রিপুরায় শাসক দল বিজেপি আজ আনুষ্ঠানিকভাবে প্রচারের সূচনা করেছে। গোমতি জেলায় মাতাবাড়ি বিধানসভা কেন্দ্রের অধীন নাতিনতিলা ওয়ানগালা মেলা গ্রাউন্ডে সুবিশাল রেলির সূচনা করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তাঁকে নিয়ে মিছিলে দারুণ সাড়া পেয়েছে বিজেপি। নারী-পুরুষ সম্মিলিতভাবে স্বতঃস্ফুর্ত অংশগ্রহণে নির্বাচনি পারদ চড়েছে। এদিনের মিছিলে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, গোমতি জেলা সভাপতি অভিষেক দেবরায় প্রমুখ।

প্রদীপ প্রজ্বলন এবং জাতীয় সঙ্গীত গেয়ে রেলির সূচনা হয়। রেলিতে বিজেপি প্রদেশ সভাপতি ডা. মানিক সাহা এবং এডিসি নির্বাচনে দলের স্থানীয় প্রত্যাশী পদ্মলোচন ত্রিপুরা, জয়কিশোর জমাতিয়া এবং সম্রাট জমাতিয়া



অংশগ্রহণ করেছেন।

এদিন মুখ্যমন্ত্রী জনসভায় বলেন, রাধাচরণ দেববর্মা এবং মানিক সরকারের স্বার্থ রক্ষা করা ছাড়া জনজাতিদের জন্য বামফ্রন্ট সরকার কোনও কাজ করেনি। কিন্তু বিজেপি সরকার ক্ষমতায় আসার পর থেকে জনজাতিদের কল্যাণেই একমাত্র গুরুত্ব দেওয়া হয়েছে। তাঁর দাবি, জনজাতি মহল্লায় বিশুদ্ধ পানীয় জল এবং বিদ্যুৎ পৌছে দেওয়ার কাজ অগ্রাধিকারের ভিত্তিতে করছে বিজেপি-আইপিএফটি জোট সরকার।

তিনি বলেন, অতীতে সমস্ত কিছু দলীয়ভাবে সিদ্ধান্ত নেওয়া হত। কিন্তু বর্তমান সরকার গত তিন বছরে স্বাস্থ্য, শিক্ষা, শিল্প, কর্মসংস্থান এবং রোজগার দেওয়ার ক্ষেত্রে অসামান্য কাজ করে চলেছে। তাঁর দাবি, পূর্বতন সরকার প্রত্যেক ক্ষেত্রে শুধু দুর্নীতি করেছে। জনগণের কল্যাণের অর্থ নয়ছয় করেছে। ফলে, জনসাধারণের কাছে সরকারি প্রকল্পের সুফল পৌঁছয়নি। কিন্তু বর্তমান সরকারের তিন বছরের রাজত্বে একটি দুর্নীতির ঘটনা ঘটেনি। কারণ, স্বচ্ছ এবং দুর্নীতিমুক্ত প্রশাসন উপহার দেওয়া আমাদের প্রথম প্রতিশ্রুতি ছিল।

এদিন বিজেপি প্রদেশ সভাপতি ডা. মানিক সাহা বলেন, বিজেপি এডিসি নির্বাচনে কাউন্সিল গঠন করবে। ২০১৮ সালে বিধানসভা নির্বাচনে সরকার পরিবর্তনের মতোই এডিসি-তেও পরিবর্তন ঘটাবে।



Does he mean to with-draw all other allegations, besides the violation of women? As for the special allegations alos. We think, Professor Gokhle may be justi in his belief.

We can therefore appreciate his unreservedly with-drawing all the allegations.




দ্রব্যমূল্য বৃদ্ধি সহ বিভিন্ন ইস্যুতে আমরা বাঙালীর প্রতিবাদ মিছিল আগরতলা। ছবি- নিজস্ব।

# অন্যান্য রাজ্যের তুলনায় দিল্লির করোনা-পরিস্থিতি নিয়ন্ত্রণেই : সত্যেন্দ্র জৈন

নয়াদিল্লি, ১৮ মার্চ (হি.স.): দেশের অন্যান্য রাজ্যের তুলনায় দিল্লির করোনা-পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে বলেই দাবি করলেন দিল্লির স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈন। সত্যেন্দ্র জৈনের কথায়, বুধবার ৫৩৬ জন আক্রান্ত হয়েছিলেন। দিল্লিতে পজিটিভিটি রেট ০.৬৬ শতাংশ। অন্যান্য রাজ্যের তুলনায়, দিল্লির পরিস্থিতি নিয়ন্ত্রণেই রয়েছে। একইসঙ্গে দিল্লির জনগণকে অসাবধান না হওয়ার অনুরোধ জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈন। বৃহস্পতিবার স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈন বলেছেন, 'জনগণের অসাবধান হওয়া উচিত নয় এবং সবসময় মাস্ক ব্যবহার করা উচিত।'




দিল্লিতে বর্তমান করোনা-পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। করোনা-পরিস্থিতি নিয়ে দিল্লির স্বাস্থ্যমন্ত্রী, স্বাস্থ্য সচিব এবং অন্যান্য আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। সরকার যতই চেষ্টা করুক না-কেন, জনগণ যতক্ষন না পর্যন্ত সতর্ক হবে ততক্ষণ পর্যন্ত করোনাকে হারানো সম্ভব নয়, এমনটাই মনে করছেন বিশেষজ্ঞরা।
মাস্ক না পরায় দিল্লিতে এদিন জরিমানাও করা হয়েছে অনেককে। দিল্লির সিভিল লাইন্স এলাকায় এসডিএম রাজেশ চৌধুরী বলেছেন, 'করোনা-সংক্রমণ বৃদ্ধি পেতেই কড়া ব্যবস্থা নেওয়া হয়ে, মাস্ক না পরলে ২০০০ টাকা জরিমানা করা হচ্ছে। করোনা-বিধি অবজ্ঞা করলেও জরিমানা করা হচ্ছে।'

# বহিরাগত তারকার চেয়ে ঘরের ছেলেকেই বেশি চান গাঁয়ের ভোটদাতারা : পুলক গুড়িয়া

কলকাতা, ১৮ মার্চ (হি.স.): “২০১২ সাল নাগাদ হলদি নদীর ওপর একটি সেতুর শিলান্যাস করেছিলেন মাননীয়া। ব্যস, ওই পর্যন্তই। কাজ আর হয়নি। এলাকায় বাসস্ট্যান্ড, কলেজ খুব দরকার। সেগুলোও হয়নি। জলনিকাশি ব্যবস্থা ভেঙে পড়েছে। খালগুলোর অবস্থা খারাপ। মানুষ খুব একটা সুখে নেই। আর, এ সব কারণেই আমি নিশ্চিত ভোটে জিতব।' 'হিন্দুস্থান সমাচার'-কে এভাবেই অভিব্যক্তির কথা বললেন পূর্ব মেদিনীপুরের চন্ডীপুর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী পুলক গুড়িয়া। একেবারেই স্থানীয় গাঁয়ের ছেলে। বিপরীতে রীতিমত হাই প্রোফাইল তৃণমূল যুব-র সহ সভাপতি, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের অতি ঘনিষ্ঠ, অভিনেতা সোহম চক্রবর্তী। কিন্তু প্রধান প্রতিদ্বন্দ্বীর এই ওজনদার পরিচিতি প্রায় তুড়ি মেরে উড়িয়ে দিলেন পুলক।
২০১১-র বিধানসভা নির্বাচনে চন্ডীপুরে তৃণমূল প্রার্থী পেয়েছিলেন ৮৮,০১০ ভোট। '১৬-তে তা বেড়ে হয় ৯৫,৯৮২। সিপিএমের ভোট ৭৬,৩০১ থেকে বেড়ে হয় ৮৬,৩২৮। বিজেপির ৫,১৪৯ থেকে বেড়ে হয়েছিল ১০,১৬০। প্রধান দুই প্রতিপক্ষের চেয়ে অনেকটাই পিছিয়ে, গত লোকসভা নির্বাচনে বিজেপি এই বিধানসভা কেন্দ্রে একটু ভাল করলেও পিছিয়ে ছিল প্রায় ১৫ হাজার ভোটে। তবু কীভাবে জেতার আশা করছেন? ৩৯ বছরের পুলকের জবাব, “আসলে এলাকাটাকে আমি হাতের তালুর মত চিনি।”
জন্ম চন্ডীপুরের এরাসাল গ্রামে। মুরাদপুর স্বামী বিবেকানন্দ লোকশিক্ষা মন্দির ও তাম্রলিপ্ত মহাবিদ্যালয়ের প্রাক্তনী পুলক প্রায় ছেলেবেলা থেকে কমবেশি আরএসএসের সঙ্গে যুক্ত। ২০১৩ থেকে পুরোদমে সঙ্ঘের কার্যকর্তা। ২০১৫-তে হলেন হিন্দু জাগরণ মঞ্চের চন্ডীপুর শাখার আহ্বায়ক। এর পর ধাপে ধাপে বিজেপি যুব মোর্চার জেলা সম্পাদক, পূর্ব মেদিনীপুরের যুব মোর্চার সাংগাঠনিক জেলা সম্পাদক, জেলা সভাপতি। গত বছর হয়েছেন বিজেপি-র জেলা সাধারণ সম্পাদক। ভোটের প্রহরগোণার সাথে সাথে বাড়ছে ব্যস্ততা। কথা বলার সময়ও যেন কমে আসছে। এলাকাটা যতই নিজের হোক, চেষ্টার কোনও ত্রুটি রাখতে চান না। তাই রোজ সকালেই বেড়িয়ে পড়ছেন। মূলত কৃষিভিত্তিক এলাকা। ভোটদাতার প্রায় ১৭ শতাংশ মুস্লিম। পুলকের কথায়, “জেতার ব্যাপারে আশাবাদী হওয়ার একটা বড় কারণ তৃণমূলের সিন্ডিকেট, দুর্নীতি ও অকর্মন্যতা। এলাকাবাসী ভীষণভাবে পরিবর্তন চান। সে কারণে গত দু'বারের জয়ী প্রার্থীকে টিকিট না দিয়ে শাসক দল তারকাপ্রার্থীকে এনেছে। কিন্তু এতে ওদের লাভ হবে না।'
হলদি, কেলেঘাই এই দুই নদী মজে যাচ্ছে। পরিশ্রুত পানীয় জলের অভাব রয়েছে। এ কথা জানিয়ে এই প্রতিবেদককে পুলক বলেন, “গ্রামবাসীরা জানেন বহিরাগত কেউ নন, মুস্কিল আসানে বেশি কার্যকরী হবেন ঘরের ছেলেই। সেটাই আমার আত্মবিশ্বাসের সোপান। এই কেন্দ্রে বিজেপি জিতবে। রাজ্যেও জিতবে। আমি নিশ্চিত।“ চন্ডীপুরে ভোট তৃতীয় পর্যায়ে, ২৭ মার্চ।

## আহমেদাবাদে ভয় বাড়াচ্ছে করোনা, অনির্দিষ্টকালের জন্য বন্ধ গার্ডেন ও পার্ক

আহমেদাবাদ, ১৮ মার্চ (হি.স.): ভারতে ক্রমেই ভয় বাড়াচ্ছে করোনাভাইরাস। করোনা-আক্রান্তের সংখ্যা বাড়তে থাকায় ভীতির পরিবেশ গুজরাটেও। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতিমধ্যেই বলেছেন, 'যেভাবেই হোক করোনার দ্বিতীয় ঢেউকে রুখতেই হবে।' তাই আগেভাগে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করল গুজরাটের আহমেদাবাদ প্রশাসন। বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের জন্য আহমেদাবাদের সমস্ত গার্ডেন এবং বিনোদন পার্ক জনসাধারণের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে। পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত আহমেদাবাদে বন্ধই থাকবে সমস্ত গার্ডেন ও বিনোদন পার্ক। এছাড়াও করোনা-সংক্রমণ বাড়তে থাকায়, বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখা হয়েছে আহমেদাবাদ মিউনিসিপাল ট্রান্সপোর্ট সার্ভিস এবং আহমেদাবাদ বাস র‍্যাপিড ট্রানজিট সিস্টেম বাস পরিষেবা। পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত পরিষেবা বন্ধই থাকবে। প্রসঙ্গত, গত কয়েকদিন ধরে আহমেদাবাদ-সহ গুজরাটের অন্যত্র বাড়ছে করোনাভাইরাসের সংক্রমণ। সরকারের পক্ষ থেকে জনগণকে সচেতন ও সতর্ক হতে বলা হচ্ছে।

# চিন্তা বাড়াচ্ছে ব্রাজিলের করোনা-পরিস্থিতি, ২৪ ঘন্টায় মৃত্যু ২,৭৩৬ জনের

রিও ডি জেনেইরো, ১৮ মার্চ (হি.স.): ব্রাজিলের করোনা-পরিস্থিতি প্রতিদিনই চিন্তা বাড়াচ্ছে। দৈনিক করোনা-সংক্রমণ ও মৃত্যুতে ফের রেকর্ড গড়ল ব্রাজিল। বিগত ২৪ ঘন্টায় ব্রাজিলে করোনা কেড়ে নিয়েছে ২ হাজার ৭৩৬ জনের প্রাণ, এই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৯০,৮৩০ জন। ফলে বাড়তে বাড়তে ব্রাজিলে ২ লক্ষ ৮৫ হাজারেরও বেশি করোনা-আক্রান্ত রোগীর মৃত্যু হয়েছে। বিগত ২৪ ঘন্টায় (বুধবার) ব্রাজিলে নতুন করে ২ হাজার ৭৩৬ জনের মৃত্যু হয়েছে, ফলে ব্রাজিলে করোনায় মৃতের সংখ্যা ২ লক্ষ ৮৫ হাজার ১৩৬-তে পৌঁছেছে।
সংক্রমিত রোগীর সংখ্যা লাফিয়ে লাফিয়ে বাড়ছে ব্রাজিলে।
ব্রাজিলের স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, বুধবার সারা দিনে ব্রাজিলে নতুন করে ৯০,৮৩০ জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। সবমিলিয়ে এযাবৎ ব্রাজিলে ১১,৭০০,৪৩১ জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। তাঁদের মধ্যে সুস্থ হয়েছেন ১০,২৮৭,০৫৭ জন। ব্রাজিলে এই মুহূর্তে সক্রিয় রোগীর সংখ্যা ১,১২৮,২৩৮ জন।

# ইন্দ্রাণীপতন : স্মৃতিচারণায় ডঃ পবিত্র সরকার

কলকাতা, ১৮ মার্চ (হি স)। বিশিষ্ট প্রকাশক ও লেখিকা ইন্দ্রাণী রায়ের স্মৃতিচারণ করলেন বর্ষীয়ান শিক্ষাবিদ তথা প্রাক্তন উপাচার্য ডঃ পবিত্র সরকার। বৃহস্পতিবার ভোরে অকালপ্রয়াণ হয় ইন্দ্রাণীর।
পবিত্রবাবু লিখেছেন, “কথাটায় লঘুতা আছে কেউ মনে করবেন না দয়া করে। কলেজ স্ট্রিটের বইপাড়ার তরুণ উদ্যোগী, যে বইপাড়ার চরিত্র বদলে দেওয়ার প্রতিশ্রুতি নিয়ে কাজ শুরু করেছিল, সে চলে গেল। ক্যান্সার ধরা পড়েছিল, প্রথম কেমো সে সহ্য করতে পারল না। তার নবতিপর পিতা ভানুদাকে (সবিতেন্দ্রনাথ রায়), যিনি কলেজ স্ট্রিটের ''বনস্পতি'' নামে খ্যাত, এই শোক সহ্য করতে হল, বনস্পতিকে সহ্য করতে হয়।
ইন্দ্রাণী রেখে গেল তাঁর গভীর অনুরাগবদ্ধ আর সহযোদ্ধা স্বামী নুরকে, আর একটি অতি ধীময়ী কন্যাকে, যে সবে কৈশোরে পা দিয়েছে। যারা ইন্দ্রাণীকে জানত, তারা জানে যে কোনও প্রয়োজনে ও প্রার্থীদের জন্য কীভাবে ঝাঁপিয়ে সাহায্য করত। আমফানের পর প্রকাশনার নেপথ্যকর্মীদের দুর্গতি মোচনের জন্য ও-ই প্রথমে এগিয়ে আসে, সঙ্গে ছিল দেব সাহিত্য কুটিরের রূপা মজুমদার এবং আরও অনেকে। ওঁরা এক নতুন প্রজন্ম, যাঁরা প্রকাশনা আর সংগঠনে কলেজ স্ট্রিটকে নতুন করে গড়তে চেয়েছিল।
এই সব মৃত্যু আমাদের মতো দীর্ঘজীবীদের অপরাধী করে দিয়ে যায়। অলৌকিকে বিশ্বাস নেই বলে কোনও সান্ত্বনাও খুঁজে পাই না।“লেখক জয়ন্ত ঘোষ জানিয়েছেন, “সাহিত্য জগতের অপূরণীয় ক্ষতি হলো। বইপাড়া একজন অত্যন্ত ভালো পৃষ্ঠপোষককে হারালো। ঈশ্বর ওনাকে পরম শান্তি দিন। পরিবারের সদস্যদের সমবেদনা জানাই।“হিন্দুস্থান সমাচার/ অশোক

# ঘর থেকে উদ্ধার রীতিকা ফোগাতের ঝুলন্ত দেহ

নয়াদিল্লি, ১৮ মার্চ (হি. স.) : ঘর থেকে উদ্ধার কুস্তিগীর গীতা ও ববিতা বোন রীতিকা ফোগাতের ঝুলন্ত দেহ। সম্প্রতি কুস্তি টুর্নামেন্টে হেরে যাওয়ার পর থেকেই মানসিক অবসাদে ভুগতে শুরু করেন তিনি। সেই কারণেই গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেন বলে প্রাথমিকভাবে অনুমান পরিবার ও পুলিশের।
বৃহস্পতিবার হরিয়ানা পুলিশের তরফে জানানো হয়েছে, গত সোমবার গীতা-ববিতার বাবা মহাবীর ফোগতের বাড়িতেই তিনি আত্মহত্যা করেছেন। রীতিকা গত পাঁচ বছর থেকে মহাবীর ফোগতের কাছেই কুস্তির প্রশিক্ষণ নিচ্ছিলেন। ১৪ মার্চ রাজস্থানের ভরতপুরে লোহাগড় স্টেডিয়ামে একটি কুস্তি টুর্নামেন্টে অংশ নেন তিনি। সেখানে উপস্থিত ছিলেন মহাবীর ফোগতও। কিন্তু সেখানেই ১ পয়েন্টের জন্য হেরে যান রীতিকা। হেরে যাওয়ার পর থেকেই গভীর অবসাদে চলে যান তিনি। এরপরেই তার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। মৃত্যুকালে বয়স ছিল ১৭ বছর। তাঁর মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে ক্রীড়া মহলেও।


# মতুয়া মন পেতে সাংসদ শান্তনু ঠাকুরকে প্রার্থী করতে চায় বিজেপি

কলকাতা, ১৮ মার্চ (হি. স.) : মতুয়া ভোট বড় বালাই। এই গোষ্ঠীর মন পেতে তাই হয়তো উত্তর ২৪ পরগণার মতুয়া-অধ্যুষিত হাবড়ায় লড়বেন শান্তনু ঠাকুর।
একাধিকবার ঠাকুরনগর ঘুরে গিয়েছেন বিজেপির হেভিওয়েট নেতারা। কিন্তু প্রার্থী হবেন কে, কাকে টিকিট দিলে ভোটবাক্স সুরক্ষিত থাকবে, এই প্রশ্নের উত্তর খুঁজতে বেগ পেতে হয়েছে বিজেপিকে। এই অবস্থাতেই দল মনে করছে আরও এক সাংসদকে নামিয়ে আনা জরুরি।
মতুয়াদের নাগরিকত্ব নিয়ে গড়িমসিতে দিন কয়েক আগেই অসন্তোষ প্রকাশ করেছিলেন শান্তনু ঠাকুর। তাঁর মন গলাতে বিজেপি নেতারা বারংবার তাঁর সকাশে গিয়েছেন। মতুয়া সমাজের মুখ শান্তনু যে বিষয়টি নিয়ে অস্বস্তিতেই, সেটা লুকোতে পারেননি। শেষ কয়েক মাসে সাংগঠনিক ভাবে তাঁর ক্ষমতা বৃদ্ধি হয়েছে এলাকায়। এই আবহেই শোনা যায়, তাঁকে মন্ত্রীত্ব দিতে পারে বিজেপি। কিন্তু এই টালবাহানার মধ্যেই এসে পড়ে ভোট। সেক্ষেত্রে কি তাঁকে রাজ্যে ক্ষমতায় এলে রাজ্যে মন্ত্রীই করতে চাইছে বিজেপি ? শান্তনু নিজে এই সিদ্ধান্তে কতটা সন্তুষ্ট হবেন, এই নিয়েও কিছু জানা যায়নি। আরও একটি প্রশ্ন থাকছে, গাইঘাটা, বনগাঁ উত্তর বা বনগাঁয় মতুয়া ভোটই নির্ণায়ক বিষয়। হাবড়ায় মতুয়া ভোট থাকলেও তাই শুধু নির্ণায়ক নয়।
কেন হাবড়ায় শান্তনু ঠাকুরকে ভাবছে বিজেপি? পর্যবেক্ষকরা বলছেন, গত বিধানসভা ভোটে এই আসনে ধরাশায়ী হয়েছিল বিজেপি। জ্যোতিপ্রিয় মল্লিক ১ লক্ষ ১ হাজার ২৪৬ ভোট পেয়েছিল। বিজেপি প্রার্থী গোবিন্দ দাস সেখানে পান মাত্র ২২ হাজার ৯৪৯ টি ভোট। এই ধরাশায়ী ছবিটাও বদলাতে শুরু করে শান্তনু বিজেপির মুখ হয়ে ওঠার পর থেকেই। লোকসভা ভোটে এই হাবড়া বিধানসভাতেই পিছিয়ে পড়েছিল তৃণমূল। কাজেই মতুয়া মন পেতে ঠাকুরনগরের অদূরে হাবড়া কেন্দ্রটিতে তাঁকেই ভাবছে বিজেপি।হিন্দুস্থান সমাচার/ অশোক

# জোড়াসাঁকোর তৃণমূল প্রার্থীকে তলব ইডি-র

কলকাতা, ১৮ মার্চ (হি. স.) : জোড়াসাঁকোর তৃণমূল প্রার্থী বিবেক গুপ্তাকে তলব করল এনফোর্সমেন্ট ডাইরেক্টোরেট (ইডি)। সূত্রের খবর, সোমবার তাঁকে ইডি দফতরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।
বিবেকবাবু রাজ্যসভায় তৃণমূলের সদস্য ছিলেন। সূত্রের খবর, একটি সংবাদমাধ্যমে সারদা-র আর্থিক লেনদেন সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসাবাদ করতে চান গোয়েন্দারা। সারদা কর্তা সুদীপ্ত সেন আগেই জানিয়েছিলেন, সারদার যে বিস্তীর্ণ মিডিয়া ব্রাঞ্চ, তারই মধ্যে একটি পত্রিকার সঙ্গে জড়িয়ে ছিলেন বিবেক গুপ্তা। অর্থাৎ তাঁর সঙ্গে সারদার একটি আর্থিক লেনদেনও ছিল। ইডির নজর এখানেই। সূত্রের খবর, ইডি আধিকারিকরা জানতে চান, ঠিক কী চুক্তি হয়েছিল, কত টাকা নিয়েছিলেন বিবেক গুপ্ত। সিজিও কমপ্লেক্সে রেকর্ড করা হতে পারে তাঁর বয়ান। প্রসঙ্গত বিবেক গুপ্ত এখন প্রচারে ব্যস্ত। তিনি তাঁর ফাঁকে এই নোটিসে সাড়া দেন কিনা তা দেখার। প্রসঙ্গত বিবেক গুপ্তর নাম সারদা মামলায় এলেও এই প্রথম তাঁকে ডাকছে ইডি। এই কারণেই তৃণমূল শিবির বলছে, ভোটের আগে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ইডি, সিবিআই-এর মতো সংস্থাগুলিকে ব্যবহার করছে বিজেপি। তৃণমূল নেতা তাপস রায় বলেন, 'এতদিন কিছু হল না। তাহলে এখন কেন। নির্বাচন হয়ে গেলে এই ফায়দা নিতে চাওয়াটা বুমেরাং হবে। এই সংস্থাগুলিকে বাংলা বা বাংলার বাইরে যথেচ্ছ ব্যবহার সংস্থাগুলির ভাবমূর্তিকে নষ্ট করছে। মানুষ এগুলিকে ভালো ভাবে নিচ্ছে না।' হিন্দুস্থান সমাচার/ অশোক

# ''দল বাড়ছে এইসব হতেই পারে'': দিলীপ ঘোষ



কলকাতা,১৮ মার্চ ( হি স): আর বেশি দেরি নেই নির্বাচনের। তারই মাঝে নির্বাচনের দিন এগিয়ে আসতেই বেড়েই চলেছে বিজেপি তৃণমূল তরজা।সেই সঙ্গে বাড়ছে বিজেপির দলীয় কর্মীদের উত্তেজনাও। যা নিয়ে বৃহস্পতিবার দিলীপ ঘোষ বলেন, ''দল বাড়ছে এইসব হতেই পারে'' ।
এই প্রসঙ্গে দিলীপ ঘোষ আরও বলেন, '' শেষ পর্যায়ের প্রার্থী তালিকা তৈরির কাজ শেষ। হয়ত আজকেই ঘোষণা হয়ে যাবে। নির্বাচন প্রস্তুতি কতদূর হয়েছে, কীভাবে হচ্ছে সেই নিয়ে আলোচনা চলে। সেই খোঁজ নেন কেন্দ্রীয় নেতারা। নির্বাচন হলে এরকম ক্ষোভ-বিক্ষোভ থাকতেই পারে। দলের নেতারা কথা বলছেন সকলের সঙ্গে। একসঙ্গে মিলে বিজেপিকে জেতাব। দল বাড়ছে, এইসব হতেই পারে''।
হিন্দুস্থান সমাচার / পায়েল / কাকলি

# উন্নয়নের জন্য উত্তর করিমগঞ্জের জনতা বিজেপি প্রার্থী ডা. মানস দাসকে জয়ী করবেন, কমলাক্ষের ভেলকিবাজিতে মানুষ বিরক্ত, বলেছেন মিশন

করিমগঞ্জ (অসম), ১৮ মার্চ (হি.স.) : উন্নয়নের নিরিখে এবারের নির্বাচনে উত্তর করিমগঞ্জের জনগণ দলীয় প্রার্থী ডা. মানস দাসকে বিশাল ব্যবধানে জয়ী করবেন। হান্ড্রেড প্লাস আসন নিয়ে রাজ্যে পুনরায় বিজেপি সরকার প্রতিষ্ঠিত হবে এটাও নিশ্চিত। তাই গত দশ বছর থেকে উত্তর করিমগঞ্জের স্তব্ধ উন্নয়নকে গতিশীল করতে এবার এই কেন্দ্রের জনতা শাসকদলের সঙ্গে থাকবেন, এটা প্রায় নিশ্চিত করে নিয়েছেন। এভাবেই দলীয় প্রার্থী ডা. মানসের পক্ষে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন এআইডিসির চেয়ারম্যান তথা চারবারের প্রাক্তন বিধায়ক মিশনরঞ্জন দাস।
মিশন দাস আরও বলেন, গত দশ বছর ধরে কংগ্রেসি বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ শুধু ভেলকিবাজি ও নাটকবাজি করেই করিমগঞ্জের মানুষকে বোকা বানিয়ে গিয়েছেন। নাগরিকত্ব সংশোধনী আইন নিয়ে কমলাক্ষের দু''মুখো নীতির তীব্র সমালোচনা করেন মিশন রঞ্জন দাস। 'বিজেপি সরকার বাঙালি বিরোধী', কমলাক্ষের এই অভিযোগের প্রত্যুত্তরে মিশন বলেন, এ-সব শুধু নাটকবাজি ও ভেলকিবাজি। বাঙালিদের উদ্ধারে কমলাক্ষ বা তাঁর দল কী করেছে এতদিন? নাগরিকত্ব সংশোধনী আইনের ফলে কারা লাভবান হবেন, এই বিষয়টি কি কমলাক্ষ জানেন না? তিনি বলেন, আসলে বাঙালি উদ্ধারের নামে বিধানসভার ভিতরে ও বাইরে কয়েক প্রস্থ নাটক মঞ্চস্থ করে ফেঁসে গিয়েছেন কমলাক্ষ।
কংগ্রেসকে ঠুকে মিশন রঞ্জন দাস বলেন, এই দলের নেতারা বলছেন ক্ষমতায় আসলে নাগরিকত্ব সংশোধনী আইন বাতিল করবেন। মিশন দাস পাল্টা চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে বলেন, আজকের দিনে সমগ্র দেশের সঙ্গে এই রাজ্যে শতাব্দি-প্রাচীন কংগ্রেস দলের যে চরম দুরবস্থা, এতে কি মনে হয় কংগ্রেস লোকসভা ও রাজ্যসভায় সংখ্যাগরিষ্ঠতা পাবে আর এই আইন বাতিল করবে? এই স্বপ্ন কংগ্রেসের কোনওদিন পূরণ হবে না। এই দল সমগ্র দেশে এখন অপ্রাসঙ্গিক হয়ে পড়েছে। তাই জনগণ ভাওতাবাজিতে আর বিশ্বাস করবেন না। প্রথম পাঁচ বছর নিজের সরকার থাকা সত্ত্বেও ভেলকিবাজ বিধায়ক শুধু জনগণের সঙ্গে প্রতারণা করে গিয়েছেন।
তিনি বলেন, করিমগঞ্জ শহরের জ্বলন্ত সমস্যা পানীয় জল। শহরবাসী বিশুদ্ধ পানীয় জলের অভাবে হাহাকার করলেও, এই সমস্যা সমাধানে বিধায়ক কমলাক্ষ নীরব ছিলেন। শহরের উন্নয়নে কমলাক্ষ কী করেছেন? এই প্রশ্ন তুলে মিশনবাবু বলেন, চার বার বিধায়ক ছিলাম। কিন্তু প্রতিবারই আমাকে বিরোধী আসনে বসতে হয়েছে। এর পরও শহর সহ কেন্দ্রের উন্নয়নে সবসময় তৎপর ছিলাম। ২০০০ সালে উপ-নির্বাচনে জয়ী হওয়ার পর শহরের জেলা গ্রন্থাগার মিলনায়তন নির্মাণের জন্য ১ কোটি টাকা মঞ্জুর করিয়ে এনেছিলাম। শহরের লঙ্গাই রোডে অবস্থিত মৃতপ্রায় পানীয় জল প্রকল্পটি সচল করে তুলতে ৬৪ লক্ষ টাকা মঞ্জুর করিয়েছিলাম। শহরের পূর্বাঞ্চল এলাকা উঁচু থাকায় লঙ্গাই (নদী) থেকে জল এই সকল এলাকায় পৌঁছতে অনেক অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই আমি আমার বিধায়ক তহবিল থেকে একটি পাম্প সেট কিনে দেই। যাতে প্রেসার সৃষ্টি করে জল ঠেলে শহরের পূর্বাঞ্চলের উঁচু এলাকায় পৌঁছানো যায়। শহরবাসীর পানীয় জলের স্থায়ী সমাধানের জন্য বিজেপি নিরন্তর প্রয়াস জারি রেখেছে। লঙ্গাই রোডের বর্তমান প্রকল্পের পাশেই নতুন একটি প্রকল্প গড়ে তোলা হবে। নতুন প্রকল্পটির প্ল্যান অ্যাস্টিমেটও ইতিমধ্যে তৈরি করা হয়ে গেছে। প্রায় ৪৮ কোটি টাকা ব্যয় হবে এই প্রকল্পটি তৈরি হতে। করোনার দরুন লকডাউন থাকায় প্রকল্প বাস্তবায়নে বাধাপ্রাপ্ত হয়েছে। রাজ্য সরকারের সঙ্গে যোগাযোগ চলছে। রাজ্যে ফের বিজেপি সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরই এই প্রকল্প বাস্তবায়নে তদ্বির চালাবেন বলে জানান মিশন দাস।
করিমগঞ্জের ঐতিহ্যবাহী টাউন হল তথা সাংস্কৃতিক কেন্দ্রটি অত্যন্ত জরাজীর্ণ অবস্থায় পড়ে রয়েছিল। কিন্তু সরকার পক্ষের বিধায়ক থাকা অবস্থায়ও কমলাক্ষ দে পুরকায়স্থ এই টাউন হল নির্মাণে কোনও উদ্যোগ নেননি। কিন্তু রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর তিনি টাউন হল তথা সাংস্কৃতিক কেন্দ্রটি নবরূপে নির্মাণের জন্য ২ কোটি টাকার একটি প্ল্যান অ্যাস্টিমেট তৈরি করে মুখ্যমন্ত্রীর কাছে পেশ করেন। তাঁর ব্যক্তিগত প্রচেষ্টায় মুখ্যমন্ত্রী টাউন হল নির্মাণের জন্য প্রথম দফায় ৭৫ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। এর পর মুখ্যমন্ত্রীর হাত ধরেই এই কাজের সূচনা হয়। বর্তমানে এর নির্মাণকাজ চলছে বলেও জানান মিশন দাস।
এআইডিসি-র চেয়ারম্যান দাস বলেন, পেরুয়া, বাউরভাগ, জাহানপুর সহ বিভিন্ন এলাকায় যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে কোনও উদ্যোগ নেননি বিধায়ক কমলাক্ষ। ২০১৬ সালে রাজ্যে বিজেপি সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর এই সব এলাকার জনগণের যাতায়াতের জন্য সড়কের ব্যবস্থা করে দেন তিনি। কিন্তু গত পাঁচ বছরে বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ কী করেছেন? কার কাজ করেছেন? কোথায় কাজ করেছেন? এ-সব প্রশ্নও তুলেছেন মিশন রঞ্জন দাস। বলেন, সিন্ডিকেট নিয়ে যারা আজ গেল-গেল রব তুলছেন, কংগ্রেস আমলে কয়লা কেলেঙ্কারির নায়ক আহাদ চৌধুরী কংগ্রেসি নেতাদের মাথায় ওঠে নাচছিল। কিন্তু বিজেপি সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরই কয়লা কেলেঙ্কারির নায়ক আহাদ চৌধুরীর ঠিকানা হয়েছে জেল। তাই কংগ্রেসিদের মুখে নীতি আদর্শের কোনও কথা শোভা পায় না।
মিশন দাস আরও বলেন, উত্তর করিমগঞ্জের জনতা কমলাক্ষ দে পুরকায়স্থের ভেলকিবাজি ও নাটকবাজি দেখতে দেখতে তিতিবিরক্ত হয়ে পড়েছেন। এবার পরিবর্তনের পালা। শহর সহ গ্রামাঞ্চলে বিজেপির প্রতি জনগণের আগ্রহ দেখে এটা পরিষ্কার বোঝা যাচ্ছে, দলীয় প্রার্থী ডা. মানস দাসের জয় শুধু সময়ের অপেক্ষা মাত্র। দশ বছরের নাটকবাজি ও ভেলকিবাজি থেকে পরিত্রাণ পেতে উত্তর করিমগঞ্জের জনতা মুখিয়ে আছেন বলে দাবি করেন মিশন রঞ্জন দাস।
এদিকে উত্তর করিমগঞ্জের বিজেপি প্রার্থী ডা. মানস দাস বলেন, রাজ্যে পুনরায় বিজেপি সরকার প্রতিষ্ঠিত হওয়া নিশ্চিত। আর উত্তর করিমগঞ্জ থেকে তিনি যদি নির্বাচিত হন, তা-হলে প্রথমে শহরবাসীর পানীয় জলের সমস্যা সমাধানে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। তাঁর দ্বিতীয় লক্ষ্য, করিমগঞ্জ শহরকে একটি টাউনশিপ হিসেবে গড়ে তোলা। জনগণ তাঁকে নির্বাচিত করলে এই দুটি লক্ষ্য পূরণে সর্বশক্তি দিয়ে ঝাঁপাবেন বলে দাবি করেব ডা. মানস দাস। সেই সঙ্গে জেলার চিকিৎসা পরিষেবার উন্নয়নেও তিনি সচেষ্ট হবেন বলে প্রতিশ্রুতি দেন মানস বাবু।
হিন্দুস্থান সমাচার / জন্মজিৎ / সমীপ

# হরেকরকম

হরেকরকম হরেকরকম

## রোগ প্রতিরোধক্ষমতা বাড়ানোর ১০টি কার্যকর উপায়



বিশ্বব্যাপী করোনার প্রাদুর্ভাব ভয়াবহ রূপ ধারণ করছে। প্রতিদিন কোভিড-১৯ রোগে আক্রান্ত ব্যক্তির সংখ্যা এবং মৃত্যের সংখ্যা লাফিয়ে লাফিয়ে বাড়ছে। আমাদের দেশের পরিস্থিতিও এর ব্যতিক্রম নয়। উন্নত বিশ্বের দেশগুলো হিমশিম খাচ্ছে এত বিপুল পরিমাণ রোগীর চিকিৎসা দিতে গিয়ে। এমতাবস্থায় আমাদের উচিত প্রতিরোধের দিকে বেশি গুরুত্ব দেওয়া এবং এজন্য রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানো বা করার দিকে বেশি মনোযোগী হওয়া উচিত। তাই আজকে করোনাভাইরাসের বিরুদ্ধে করার ১০টি কার্যকর উপায় সম্পর্কে বলব। ১. খাদ্যাভ্যাস : সুষম ও পুষ্টিকর খাবার খেতে হবে। প্রচুর শাকসবজি ও ফলমূল খান। ফলের রসের পরিবর্তে গোটা ফল চিবিয়ে খেলে ভালো। এতে পুষ্টি সঙ্গে ফাইবারও পাওয়া যাবে। পর্যাপ্ত পরিমাণে পানি পান করুন ৮-১০ গ্লাস। ফাস্ট ফুড, অতিরিক্ত তেল-চর্বি ও মসলা খাবার যতটুকু সম্ভব পরিহার করুন। ২. ভিটামিনস ও মিনারেল : রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভিটামিন সি : প্রাকৃতিক উৎস হচ্ছে টক জাতীয় ফল, যেমন- লেবু, কমলা, মাল্টা, আমড়া, জাম্বুরা ইত্যাদি। এছাড়াও বাজারে ট্যাবলেট আকারে পাওয়া যায়, যা ফ্লু উপসর্গে আপনি দিনে ১-২ বার চুষে খেতে পারেন। তবে প্রাকৃতিক উৎস থেকে পাওয়া ভিটামিন সি এর কার্যকারিতা বেশি। ভিটামিন ডি : এর প্রাকৃতিক উৎস হচ্ছে সূর্যরশ্মি যা সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত শরীরের কিছু অংশ উন্মুক্ত করে (যেমন মুখমন্ডল, হাত বা ঘাড় আপনি কাজে লাগাতে পারেন এছাড়াও ভিটামিন ডি সমৃদ্ধ খাবার যেমন- ডিমের কুসুম, মাছের তেল, ওমেগাও, গরুর কলিজা, চিজ এগুলো খেতে পারেন। জিংক : ফ্লু বা সর্দি-কাশি উপসর্গে, জিংকের বেশ উপকারিতা রয়েছে। জিংকসমৃদ্ধ খাবার গুলো হচ্ছে- আদা, রসুন, বাদাম, সামুদ্রিক মাছ, ইত্যাদি। বাজারে লজেন্স আকারে জিংক সাপ্লিমেন্ট খেতে পারেন ২-৩ ঘন্টা পরপর। ৩. মধু : মধুতে এমন কিছু জীবাণু ধ্বংসকারী উপাদান রয়েছেন যেমন- হাইড্রোজেন পারঅক্সাইড, নাইট্রিক অক্সাইড যা এর বিরুদ্ধে কাজ করে। তাই ফ্লু উপসর্গে মধু বেশ উপকারী তবে ডায়াবেটিস রোগীদের ক্ষেত্রে সাবধানে খেতে হবে। ৪. প্রোবায়োটিক্স : যেমন- দই, চিজ ইত্যাদি খাবারে এমন কিছু উপাদান রয়েছে যা রোগী প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করে। ৫. মানসিক চাপমুক্ত থাকুন : অতিরিক্ত মানসিক চাপে আমাদের শরীরের বেড়ে যায় এবং কর্টিসল/ হরমোন নিঃসরণ হয়, যা রোগ প্রতিরোধ ক্ষমতাকে ব্যাহত করতে পারে। তাই মানসিক চাপমুক্ত থাকার চেষ্টা করতে হবে। টিভি, সোশ্যাল মিডিয়াতে যে খবরগুলো আপনাকে মানসিক চাপে ফেলছে। সেগুলো থেকে দূরে থাকুন। মনকে করার জন্য পরিবারের অন্য সদস্যদের সঙ্গে ভালো সময় কাটান, গান শুনুন, বই পড়ুন, মুভি দেখুন বা নতুন কিছু শিখতে মনোনিবেশ করুন। এছাড়া যোগ ব্যায়াম বা মেডিটেশন একটি খুব ভালো উপায় মনকে শান্ত রাখার। ৬. শরীরচর্চা : শরীরকে সুস্থ রাখতে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে শরীরচর্চা অপরিহার্য। বিশেষ করে বর্তমান পরিস্থিতিতে যখন আমরা সবাই ঘরে অবস্থান করছি। প্রাপ্ত বয়স্কদের প্রতিদিন অন্তত ৩০ মিনিট এবং বাচ্চাদের অন্তর ১ ঘন্টা শরীরচর্চা করা উচিত। ঘরে থেকে আপনি যা করতে পারেন হাঁটাহাঁটি, সাইক্লিং, ইয়োগা, ওয়েট শিফিং, সিঁড়ি দিয়ে উঠানামা শরীর চর্চার উপায় হতে পারে। ৭. ধূমপান ও মদ্যপান পরিহার করা : বিশেষ করে ধূমপান, যা সরাসরি আপনার শ্বাসতন্ত্রকে ক্ষতিগ্রস্ত করে। যেহেতু করোনাভাইরাস শ্বাসতন্ত্রের রোগ, এতে সংক্রমের আশঙ্কা বেড়ে যায়। তাই ধূমপান পুরোপুরি বাদ দিন ও করুন। মদ্যপান পুরোপুরি পরিহার করুন। ৮. ওজন নিয়ন্ত্রণে রাখা : শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা অটুট রাখতে ওজন নিয়ন্ত্রণে রাখার বিকল্প নেই। খাবার পরিমিত খান ও শরীরিকভাবে সচল থাকুন। ৯. ঘুম : মনে রাখবেন, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। প্রতিদিন অন্তত ৮ ঘন্টা করে ঘুমানোর চেষ্টা করুন। পর্যাপ্ত পরিমাণ বিশ্রাম আমাদের করতে। ১০. পরিষ্কার পরিচ্ছন্নতা : আমরা যদি করোনাভাইরাস রোগের সংক্রমণ থেকে নিজেদের বাঁচতে চাই নিজের ও আশপাশের পরিবেশের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা অত্যন্ত জরুরি। নির্দিষ্ট সময়ে পরপর হাত সাবান পানি দিয়ে ধুয়ে ফেলুন। ব্যবহার্য জিনিসপত্র জীবাণুনাশক পদার্থ দিয়ে পরিষ্কার করে নিন। দরজার হাতল, সুইচ, লিফের বাটন জীবাণুনাশক দিয়ে পরিষ্কার রাখুন ও মাস্ক ব্যবহার করুন। তাই এ সময়ে এসব বিষয়ে যথেষ্ট সচেতন ও সতর্ক হতে হবে। কারণ প্রতিকার নয় প্রতিরোধ উত্তম। লেখক : কনসালটেন্ট, হলি ফ্যামেলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ও হাসপাতাল।

## পৃথিবীতে প্রাণের উপাদান এনেছিল গ্রহাণু !

পৃথিবীতে প্রাণের সৃষ্টি নিয়ে নিরন্তর গবেষণা চালিয়ে যাচ্ছে বিজ্ঞানীরা। প্রাণ সৃষ্টির প্রাথমিক উপাদান হিসেবে বলা হয় শর্করাকে। কিন্তু নাসার সাম্প্রতিক এক গবেষণা বলছে, এই শর্করাই পৃথিবীতে ছিল না? গ্রহাণু থেকেই প্রাণের জন্ম হয়েছিল পৃথিবীতে। বহু কোটি বছর আগে পৃথিবীকে খুব জোরে ধাক্কা মেরে সেই শর্করাই এই গ্রহে ফেলে দিয়েছিল কোনো গ্রহাণু। ক্যালিফোর্নিয়ায় নাসার এইমস রিসার্চ সেন্টারের এক গবেষকদল এই তথ্য দিয়েছেন। তাদের গবেষণাপত্রটি বেরিয়েছে আন্তর্জাতিক বিজ্ঞান-জার্নাল ''নেচার কমিউনিকেশন''এর সাম্প্রতিক সংখ্যায়। নাসার বিজ্ঞানীরা গবেষণাগারে কৃত্রিম ভাবে মহাকাশের পরিবেশ সৃষ্টি করেছিলেন। সেই পরিবেশে সহজেই সেই শর্করা বানাতে পেরেছেন। আর তাতেই তারা ধারণা পেয়েছেন নতুন এই আবিস্কার সম্পর্কে। কোন ধরনের শর্করা প্রাণের প্রাথমিক উপাদান? প্রাণের জন্মের জন্য অত্যন্ত প্রয়োজনীয় উপাদান শর্করা প্রকৃতিতে থাকে বিভিন্ন রূপে। তারাই জীবদেহের গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। ''২-ডিঅক্সিরাইবোজ'' হল তেমনই একটি শর্করা। যা ডিএনএ (জিনের কার্যকরী একক) তৈরির গুরুত্বপূর্ণ উপাদান। বলা ভাল, প্রাথমিক উপাদানও। গবেষণাগারেই বানানো হয়েছিল মহাকাশ মহাকাশকে আমরা অনন্ত শূন্য মনে করলেও, আদৌ তা নয়। দুটি মহাজাগতিক বস্তুর মধ্যে থাকে একটি ''ইন্টারস্টেলার মিডিয়াম''। যা ভরা থাকে ধুলোবালি আর গ্যাসের মিশ্রণে। আর সেই মাধ্যমের ঘনত্বও খুব বেশি নয়। নাসার অ্যাস্ট্রোকেমিস্ট্রি গবেষণাগারে ঠিক সেই রকম পরিবেশই কৃত্রিমভাবে তৈরি করেছিলেন বিজ্ঞানীরা। পরম শূন্য তাপমাত্রায় (মাইনাস ২৭৩ ডিগ্রি সেলসিয়াস) থাকা একটি অ্যালুমিনিয়াম পাত্রে রাখা হয়েছিল পরীক্ষায় ব্যবহৃত নমুনা পদার্থটি। কারণ, সেটাই মহাকাশের গড় তাপমাত্রা। তা রাখা হয়েছিল একটি ''কসমিক চেম্বারে''। সেই কসমিক চেম্বারে একটি পাইপের মাধ্যমে পাঠানো হয়েছিল গ্যাসীয় অবস্থায় থাকা মিথানল (মিথাইল অ্যালকোহল) ও জলীয় বাস্পের মিশ্রণ। কী ফলাফল পেয়েছেন নাসার বিজ্ঞানীরা? বিজ্ঞানীরা দেখেছেন, পরম শূন্য তাপমাত্রার জন্য অ্যালুমিনিয়াম পাত্রে রাখা ওই নমুনার উপর বরফের আস্তরণ পড়লেও অতিবেগুনি রশ্মি (আলট্রা-ভায়োলেট রে) সেই বরফকে গলিয়ে দিয়েছে। তৈরি করেছে ''২-ডিঅক্সিরাইবোজ'' শর্করা। শুধু তাই নয়, সেখানে তৈরি হয়েছে শর্করাজাত আরও কয়েকটি পদার্থ। পরীক্ষার এই ফলই চমকে দিয়েছে বিজ্ঞানীদের। পরীক্ষায় কেন ব্যবহৃত হলো অতিবেগুনি রশ্মি? মহাকাশের অতিবেগুনি রশ্মি রাসায়নিক প্রক্রিয়ায় প্রভাব ফেলে। তাই অ্যালুমিনিয়াম পাত্রে রাখা নমুনার উপরে লাগাতার ফেলা হয়েছিল অতিবেগুনি রশ্মি। মহাকাশের যে পরিবেশে ওই রাসায়নিক বিক্রিয়া হয়, ঠিক সেই পরিবেশটাই গবেষণাগারে তৈরি করতে। নাসার অ্যাস্ট্রোকেমিস্ট্রি গবেষণাগারের বিজ্ঞানী স্কট স্যান্ডফোর্ড বলেছেন, ''মহাকাশ যদি প্রাণ সৃষ্টির প্রয়োজনীয় উপকরণ নিজেই তৈরি করে নিতে পারে, তা হলে আমাদের বানানো মহাকাশের মতো পরিবেশে তা কেন তৈরি হতে পারবে না? গত দু''দশক ধরে এই প্রশ্নটাই আমরা নিজেদের করে এসেছি। আর তার জবাবটা এ বার পেয়ে গিয়েছি।'' পৃথিবীতে প্রাণের জন্ম নিয়ে যত ধারণা পৃথিবীতে কী ভাবে প্রাণ এসেছে, তা নিয়ে বিজ্ঞানীদের কৌতূহলের শেষ নেই। প্রচুর গবেষণার পরেও বিজ্ঞানীরা এখনও পর্যন্ত সুনির্দিষ্ট ভাবে বলতে পারেননি, হ্যাঁ, এই ভাবেই প্রাণের জন্ম হয়েছিল আমাদের গ্রহে। প্রাণ সৃষ্টির প্রাথমিক উপাদান পৃথিবীতেই ছিল, নাকি তা অন্য কোনো মহাজাগতিক বস্তু থেকে এসেছিল, তা নিয়েও বিজ্ঞানীদের মধ্যে মতবিরোধ রয়েছে। একটি গুরুত্বপূর্ণ মতবাদ থেকে জানা যায়, প্রাণ সৃষ্টির উপাদানের সঠিক মিশ্রণ এই গ্রহেই ছিল। আর সেটাই পৃথিবীতে প্রাণের সৃষ্টি করেছে। এই মিশ্রণের ক্ষেত্র বা ধারক হিসাবে ধরা হয় সমুদ্রের উষ্ণ জল বা কোনো উষ্ণ প্রস্রবনকে। অন্য একটি গুরুত্বপূর্ণ মতবাদ বলছে, কোনো গ্রহাণু বা ধূমকেতু থেকেই এই গ্রহে এসেছিল প্রাণ সৃষ্টির প্রয়োজনীয় উপাদান। নাসার বিজ্ঞানীদের ভোট দ্বিতীয় মতবাদের পক্ষে! তাদের মতে, আছড়ে পড়া গ্রহাণু-ধূমকেতুদের কারণেই প্রাণ সৃষ্টির জন্য অত্যন্ত প্রয়োজনীয় শর্করাজাতীয় উপাদানে এক সময় ভর্তি হয়ে গিয়েছিল পৃথিবীর পিঠের উপরিভাগে। সেই সব উপাদানই উপযুক্ত আবহাওয়ায়, জলের সংস্পর্শে এসে ডিএনএ বা আরএনএ তৈরির প্রাথমিক উপাদান- ''২-ডিঅক্সিরাইবোজ'' শর্করা তৈরি করেছে।

## মোবাইল ফোন কেনার কিছু টিপস



ভালোমানের স্মার্টফোন একসময় বিলাসীতার ধারক হলেও বর্তমানে প্রযুক্তির অগ্রযাত্রায় এটি নিতান্তই খুব সাধারণ ও প্রয়োজনীয় একটি ডিভাইসে পরিণত হয়েছে। বর্তমানে ইন্টারনেট ব্রাউজিং, ফেসবুকিং, গেম খেলা থেকে শুরু করে ফটোগ্রাফি পর্যন্ত প্রায় সবধরনের কাজই আমরা স্মার্টফোন দিয়ে করে থাকি। তাই একটি ভালোমানের স্মার্টফোন প্রায় সকলেরই খুব দরকার। তাই এত দরকারী একটি জিনিস কেনার আগে অবশ্যই কিছু বিষয় জেনে রাখা উচিত তাহলে চলুন জেনে নেই মোবাইল ফোন কেনার কিছু টিপস।

১/ প্রসেসরঃ- প্রসেসরকে মোবাইল ফোনের ব্রেইনের সাথে তুলনা করা হয়। মানুষের ব্রেইনের মত মোবাইলের ব্রেইন অর্থাৎ প্রসেসরের ভূমিকা অনেক বেশি। ফোনের প্রসেসর যত শক্তিশালী হবে মোবাইল ফোনও ততই ফাস্ট ও স্মূথলী রান হবে। তাই একটি ভালো মোবাইল ফোনের প্রধান বৈশিষ্ট্যই হলো একটি ভালো ও শক্তিশালী প্রসেসর থাকা। কয়েকটি ভালো প্রসেসরের উদাহল হলো কোয়ালকম স্ন্যাপড্রাগন ৮৪৫, ৮৩৫, ৬৬০, ৬৩৬ ; স্যামসাং এর এক্সিনস ৯৮১০, ৮৮৯৫, ৮৮৯০, মিডিয়াটেক হেইলো পি৭০, এক্স৩০ ইত্যাদি।

২/ র্যামঃ- মোবইল ফোনের গতি অনেকটাই নির্ভর করে এর র্যামের উপর। সবসময় যেসকল মোবাইলের র্যাম একটু বেশি থাকে সেগুলোই পছন্দের তালিকায় রাখা উচিত কারণ র্যাম যত বেশি হবে মোবাইল ততই ফাস্ট কাজ করতে পারবে।

৩/ ডিসপ্লেঃ- একসময় মোবাইলের ডিসপ্লে তেমন গুরুত্বপূর্ণ না হলেও বর্তমান এটি খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয় হয়ে দাড়িয়েছে। সর্বপ্রথম দেখতে হবে ডিসপ্লে সাইজ আপনার প্রয়োজন অনুযায়ী সাইজ নির্বাচন করুন। এছাড়াও যে যে বিষয়গুলো গুরুত্বপূর্ণ সেগুলো হলো , টার্চস্কিন, রেজুলেশন, মাল্টিটার্চ ইত্যাদি।

৪/ স্টোরেজঃ- মোবাইলের স্টোরেজ খুবই গুরত্বপূর্ণ একটি বিষয় কারণ আপনার ফোনে বিভিন্ন জিনিস রাখার জন্য কতটুকু স্টোরেজ পাচ্ছেন সেটা জানা দরকার তবে বর্তমান সময়ে কমপক্ষে ১৬ জিবির নিচে স্টোরেজের ফোন ক্রয় না করাই উচিত।

৫/ ক্যামেরাঃ- স্মার্টফোনগুলো এত বেশি জনপ্রিয়তার একটি অন্যতম প্রধান কারণ হলো একটি ভালো ক্যামেরা সাপোর্ট দেওয়া তাই আপনি যে ফোনটি ক্রয় করতে যাচ্ছেন তার ক্যামেরা কমপক্ষে ১৬ মেগাপিক্সেলের হওয়া বাঞ্চনীয়।


৬/ ব্যাটারিঃ- বর্তমান স্মার্টফোনগুলোর একটা বড় সমস্যা হলো এগুলো খুব বেশি ব্যাটারি ব্যাকআপ দিতে পারে না যার ফলে ২-৩ঘন্টার বেশি ফোন টানা ব্যবহার করা যায় না। তাই এই সমস্যাটা কিছুটা হলেও লাগব করতে চাইলে ফোনের ব্যাটারি কমপক্ষে ৪ হাজার মিলি এম্পিয়ারের নিশ্চিত করুন।

## ট্রান্সফ্যাটযুক্ত খাদ্য নিয়ে নীতিমালা নেই, ঝুঁকিতে মানুষ



প্রাপ্তবয়স্কদের জন্য পুষ্টি বিষয়ক এক নির্দেশনায় করোনা ভাইরাস প্রাদুর্ভাবের সময় শিল্প উৎপাদিত ট্রান্সফ্যাটযুক্ত খাবার পরিহার করার পরামর্শ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। এ ধরনের অসম্পৃক্ত চর্বি সাধারণত প্রক্রিয়াজাত খাবার, ফাস্ট ফুড, স্ন্যাক্স, তেলে ভাজা খাবার, পিৎজা, পাই, পেস্ট্রি, কুকি, মার্জারিন ও স্প্রেডস বা মাখিয়ে খাওয়ার মিশ্রণে পাওয়া যায়। খাবারে ট্রান্সফ্যাটের অনিয়ন্ত্রিত মাত্রা, মোড়কে ট্রান্সফ্যাটের পরিমাণ উল্লেখ এবং চিহ্নিতকরণের বাধ্যবাধকতা না থাকায় সার্বিক পরিস্থিতি দিনদিন ভয়াবহ হয়ে উঠছে। জাঙ্ক ফুড এবং বেকারি পণ্যের ওপর মানুষের অতিমাত্রায় নির্ভরশীলতা ট্রান্সফ্যাটের স্বাস্থ্যঝুঁকি আরও বাড়িয়ে তুলছে। সবমিলিয়ে ট্রান্সফ্যাটের কারণে দেশের মানুষ মারাত্মক স্বাস্থ্যঝুঁকির মধ্যে থাকলেও তাদের সুরক্ষার জন্য কোনো নীতিমালা নেই বলে জানান সংশ্লিষ্টরা। এ ব্যাপারে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালের সহযোগী অধ্যাপক কাজল কুমার কর্মকার বাংলানিউজকে বলেন, 'কার্বোহাইড্রেট, চর্বি ও কোলেস্টেরল বাড়ায় এমন খাবার পরিহার করতে হবে। প্রচুর সবুজ শাক-সবজি ও প্রোটিন জাতীয় খাবার খেতে হবে। পাশাপাশি শরীর সুস্থ রাখার জন্য নিয়মিত ব্যায়াম করতে হবে। এসময় নিয়মিত খাদ্য তালিকায় পরিবর্তন আনা যাবে না।' তবে এক্ষেত্রে ট্রান্সফ্যাটযুক্ত খাদ্য পরিহারে নীতিমালা জরুরি বলে তিনি মনে করেন। জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, শিল্পোৎপাদিত ট্রান্সফ্যাট একটি নীরব ঘাতক। এর মূল উৎস পারশিয়ালি হাইড্রোজেনেটেড অয়েল (পিএইচও) যা সাধারণত ডালডা বা বনস্পতি ঘি নামে পরিচিত। ট্রান্সফ্যাটযুক্ত খাবার রক্তের এলডিএল বা 'খারাপ কোলেস্টেরল' বাড়ায়, অপরদিকে এইচডিএল বা 'ভালো কোলেস্টেরল' এর মাত্রা কমিয়ে দেয়। অতিরিক্ত ট্রান্সফ্যাট গ্রহণে খারাপ কোলেস্টেরল রক্তবাহী ধমনিতে জমা হয়ে রক্ত চলাচলে বাধা সৃষ্টি করে। ফলে হৃদরোগের ঝুঁকি বাড়ে, যা অকাল মৃত্যুর অন্যতম কারণ। বাংলাদেশে প্রতিবছর ২ লাখ ৭৭ হাজার মানুষ হৃদরোগজনিত কারণে মারা যায়। ২০১০ সালের এক গবেষণা অনুযায়ী, বাংলাদেশে অন্তত আট হাজার মানুষের মৃত্যুর কারণ হিসেবে উচ্চ মাত্রার ট্রান্সফ্যাট গ্রহণ দায়ী। ট্রান্সফ্যাটের স্বাস্থ্যঝুঁকি থেকে সব মানুষকে সুরক্ষার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০২৩ সালের মধ্যে শিল্পোৎপাদিত ট্রান্সফ্যাটমুক্ত বিশ্ব অর্জনের লক্ষ্য নির্ধারণ করেছে। এ লক্ষ্য অর্জনে সংস্থাটি ২০১৮ সালে একটি অ্যাকশন প্যাকেজ ঘোষণা করে যেখানে খাদ্যে ট্রান্সফ্যাট নির্মূলে সরকার কীভাবে কাজ করবে তার নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ভারত, থাইল্যান্ড, ব্রাজিল, তুরস্কসহ পৃথিবীর ৩০টিরও বেশি দেশ খাদ্যে ট্রান্সফ্যাট নিয়ন্ত্রণে ইতিবাচক পদক্ষেপ নিলেও বাংলাদেশ এ ক্ষেত্রে পিছিয়ে রয়েছে। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (বিএফএসএ) খাবারে ট্রান্সফ্যাটের সর্বোচ্চ মাত্রা ২ শতাংশে নামিয়ে আনার বিষয়ে গত জানুয়ারি মাসে নীতিগত সিদ্ধান্ত নেয়। এ বিষয়ে গঠিত ১০ সদস্যের একটি টেকনিক্যাল কমিটি কাজ শুরু করলেও করোনা ভাইরাসের প্রকোপে পিছিয়ে পড়েছে নীতিমালা চূড়ান্তকরণ প্রক্রিয়া। এ বিষয়ে জানতে চাইলে টেকনিক্যাল কমিটির সদস্য ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক আবু আহমেদ শামীম বাংলানিউজকে বলেন, 'এটি নিয়ে আমাদের কাজ অনেক দূর এগোলেও করোনার কারণে নীতিমালা আটকে রয়েছে। করোনার মাঝখানে আমাদের কোনো মিটিং হয়নি। পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এটি হচ্ছে না বলে মনে করি। তবে পরিস্থিতি স্বাভাবিক হলে খুব দ্রুত এটি হয়ে যাবে।' সংশ্লিষ্টরা বলছেন, ভবিষ্যতে এ ধরনের মহামারি থেকে জনস্বাস্থ্য সুরক্ষার পাশাপাশি হৃদরোগের ঝুঁকি কমাতে অনতিবিলম্বে খাদ্যদ্রব্যে ট্রান্সফ্যাটের মাত্রা নির্ধারণ করা জরুরি। এ লক্ষ্যে দ্রুততার সঙ্গে নীতিমালা চূড়ান্ত করার তাগিদ দিয়েছেন তারা।

## স্মার্ট ফোনে দ্রুত চার্জিংয়ে বিপ্লব এনেছে 'ভিওওসি' প্রযুক্তি



যুক্তিতে দ্রুত পরিবর্তন আসছে। মুহুর্তেই বদলে যাচ্ছে কিছুদিন আগে উদ্ভাবন করা নতুন প্রযুক্তি। এ ধাক্কায় এবার স্মার্টফোনে দ্রুত চার্জিংয়ে বিপ্লব এনেছে 'ভিওওসি' প্রযুক্তি। যা বিশ্বজুড়ে রীতিমত বিস্ময় তৈরি করেছে। চীনের মোবাইল হ্যান্ডসেট নির্মাতা প্রতিষ্ঠান অপো এই নতুন প্রযুক্তি আবিষ্কার করেছে। তাদের ভিওওসি ফ্লাশ চার্জ প্রযুক্তির কল্যাণে হ্যান্ডসেটে চার্জ হবে অবিশ্বাস্য দ্রুত গতিতে। অপো'র নিজস্ব এই উদ্ভাবন দিচ্ছে মাত্র ৫ মিনিটের চার্জে ২ ঘণ্টা পর্যন্ত কথা বলার সুবিধা, যেখানে লো ভোল্টেজে হাই কারেন্ট সল্যুশনের মতো উন্নত প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। হ্যান্ডসেট চার্জিংয়ের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো তাপ। যত বেশি ভোল্টেজে চার্জ দেওয়া হয়, ফোন তত বেশি গরম হয়ে যায়। ভিওওসি প্রযুক্তিতে যেহেতু ৪ গুণ বেশি দ্রুততম সময়ে চার্জ হয়, তাই ফোনের তাপ বেড়ে যাওয়া রোধ করতে অ্যাডাপটর থকে পোর্ট পর্যন্ত পাঁচ-স্তর বিশিষ্ট নিরাপত্তা সিস্টেম ব্যবহার করা হয়েছে। ভিওওসি'কে দ্রুততম চার্জিং প্রযুক্তি হিসেবে প্রতিষ্ঠিত করতে, এতে ভোল্টেজ কমানো সার্কিটের পরিবর্তে এমসিইউ ব্যবহার করা হয়েছে। পাঁচ-স্তর বিশিষ্ট নিরাপত্তার মধ্যে আছে ভিওওসি টেস্টার বিল্ট-ইনটু অ্যাডাপটার, ভিওওসি আইডেন্টিফিকেশন বিল্ট-ইনটু অ্যাডাপটার, ভিওওসি আইডেন্টিফিকেশন বিল্ট-ইনটু ফোন, ভোল্টেজ টেস্টার বিল্ট-ইনটু ফোন এবং ফিউজ বিল্ট-ইনটু ফোন। এই সবগুলো প্রযুক্তি চার্জিংয়ের সময় হ্যান্ডসেটের তাপমাত্রা অনেক কমিয়ে রাখে। ভিওওসি চার্জ কেবলে ৭-পিন ইন্টারফেস ব্যবহার করা হয়েছে, যেখানে সাধারণ ফাস্ট চার্জিং প্রযুক্তিতে ৫-পিন ইন্টারফেস ব্যবহার করা হয়ে থাকে। মাল্টি-চ্যানেল চার্জিংয়ের মাধ্যমে তাপ এবং মাত্রাতিরিক্ত কারেন্ট কমিয়ে এনে, ভিওওসি চার্জিং প্রক্রিয়াকে অনেক বেশি নিরাপদ করে তুলেছে। ভিওওসি ব্যবহার করলে গেম খেলা এবং চার্জিংয়ের সময় ফোন গরম হয়ে যাওয়ার ব্যাপারে চিন্তামুক্ত থাকা যায়। বর্তমান বাজারে এটিই একমাত্র প্রযুক্তি, যার মাধ্যমে গেম খেলা বা মুভি দেখার সময়ও হ্যান্ডসেট সমানতালে চার্জ নিতে সক্ষম। চার্জিং গতি এবং নিরাপত্তার অসাধারণ সমন্বয়ে অপো ভিওওসি দিচ্ছে বিশ্বের সবচেয়ে দ্রুতগতির এবং নিরাপদ চার্জিং পদ্ধতি, যা গতানুগতিক চার্জিং প্রযুক্তিগুলো দিতে ব্যর্থ। ভিওওসি চার্জিং উপভোগ করা যাবে অপো এফ৯ স্মার্টফোনে। ভিওওসি নতুন কোন প্রযুক্তি নয়। অপো ২০১৪ সালে তাদের এই নিজস্ব কম ভোল্টেজ দ্রুত চার্জিং উন্নত প্রযুক্তি ডেভলপ করে। প্রযুক্তিটি ৯০ মিলিয়ন ব্যবহারকারীর আস্থা অর্জনে সক্ষম হয়েছে যার ৫০০ টিরও বেশি পেটেন্ট রয়েছে। অপো সর্বদা প্রযুক্তি জগতে নিত্যনতুন বিস্ময় নিয়ে হাজির হচ্ছে। ভিওওসি চার্জারও এমন এক প্রযুক্তি যা গত কয়েক বছর ধরে নিরাপদ ও দ্রুত চার্জিং প্রযুক্তির অপর নাম। তাই চার্জার বেছে নেয়ার ক্ষেত্রে ভিওওসি আপনার পছন্দের তালিকায় শীর্ষেই স্থান পেতে পারে।




সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সিএফটিইউআই-এর নেতৃবৃন্দ। ছবি- নিজস্ব।

# বৃহস্পতিবার করিমগঞ্জে আসছেন প্রধানমন্ত্রী মোদী, ভাষণ দেবেন নির্বাচনি সমাবেশে

করিমগঞ্জ (অসম), ১৭ মার্চ (হি.স.) : প্রস্তুতি চূড়ান্ত। রাত পোহালেই প্রধানমন্ত্রীর হেলিকপ্টার করিমগঞ্জের মাটি স্পর্শ করবে। দীর্ঘ প্রতীক্ষার প্রহর অন্তিম পর্যায়ে এসে দাঁড়িয়েছে। সমাবেশের জন্য তৈরি সুবিশাল মঞ্চকে কেন্দ্রে রেখে চতুর্দিকের পাঁচ কিলোমিটার অবধি এলাকা এসপিজি বুধবার বিকাল থেকেই তাঁদের নিয়ন্ত্রণে নিয়ে নিয়েছে। বিনা অনুমতিতে একটি পাখিও সভাস্থলের উপর দিয়ে উড়ে যেতে পারছে না। এভাবেই গড়ে তোলা হয়েছে ত্রিস্তরীয় সুরক্ষা ব্যবস্থা। প্রধানমন্ত্রীর সঙ্গে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী তথা রাজ্যের নির্বাচনি প্রভারী নরেন্দ্রসিং তোমর, ডোনার মন্ত্রী জিতেন্দ্র সিং, উত্তর-পূর্বাঞ্চলে বিজেপির সাংগঠনিক সম্পাদক অজয় জামুয়াল, বৈজয়ন্তজয় পাণ্ডা, রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা, সর্বভারতীয় সাধারণ সম্পাদক দিলীপ শইকিয়া, প্রদেশ বিজেপি সভাপতি রঞ্জিতকুমার দাস বিজয় সংকল্প সমাবেশে উপস্থিত থাকার কথা। এদিন ব্রহ্মপুত্র উপত্যকায় একটি নির্বাচনি জনসভায় মুখ্যমন্ত্রীর অংশগ্রহণের কথা থাকায় তিনি করিমগঞ্জের বিজয় সংকল্প সমাবেশে উপস্থিত থাকতে পারবেন না। উপত্যকার দুই সাংসদ, ১৪ জন দলীয় প্রার্থী ও তিন জেলার দলীয় সভাপতি প্রধানমন্ত্রীর সঙ্গে মঞ্চে থাকবেন। এছাড়া অন্য কাউকে মঞ্চে ওঠার অনুমতি দেওয়া হয়নি বলে জানা গিয়েছে। এসপিজি, এনএসজি, স্থানীয় পুলিশ সহ সিআরপিএফ, মহিলা পুলিশ সমাবেশ স্থলকে ঘিরে নিয়েছে। বিশেষ করে প্রধানমন্ত্রীর নিরাপত্তার বিষয়টি এসপিজিই নিয়ন্ত্রণ করছে। এসপিজির নির্দেশ অনুসারেই চলছে নিরাপত্তার তদারকি। মঞ্চ সহ সম্পূর্ণ সভাস্থল বুধবার বিকাল থেকেই এসপিজি তাঁদের নিয়ন্ত্রণে নিয়ে নিয়েছে।

এক বিশেষ সূত্রে জানা গিয়েছে, প্রধানমন্ত্রীর সঙ্গে মঞ্চে থাকার জন্য উপত্যকার দলীয় ১৪ জন প্রার্থী ছাড়া দশ জনের একটি তালিকা এসপিজি প্রস্তুত করেছে। তবে এই দশ জনের তালিকায় কোন কোন নাম স্থান পেয়েছে, সেটা অবশ্য জানা জায়নি। ময়দানে নির্মিত অস্থায়ী হেলিপ্যাড থেকে মঞ্চ অবধি প্রধানমন্ত্রীকে নিয়ে আসতে বুলেট প্রুফ বিশেষ গাড়িও বুধবার বিকালে সভাস্থলে এসে পৌঁছে গিয়েছে। চারটি অস্থায়ী হেলিপ্যাড তৈরির কাজও সমাপ্ত। মঙ্গলবার দিন ভারতীয় বায়ুসেনার বিশেষ হেলিকপ্টার প্রধানমন্ত্রীকে নিয়ে অবতরণের জন্য নির্মিত হেলিপ্যাডে অবতরণ করে মহড়া দিয়ে গিয়েছে।

বিজয় সংকল্প সমাবেশে নির্বাচনি ভাষণ দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর এই ভাষণ শোনার জন্য এবং বিশ্ববন্দিত নরেন্দ্র মোদীকে স্বচক্ষে এক পলক দর্শন করার জন্য উপত্যকার জনগণ, বিশেষ করে প্রান্তিক জেলা করিমগঞ্জের সাধারণ মানুষের মধ্যে প্রচণ্ড উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে। এ-নিয়ে সমগ্র জেলা সহ বরাক উপত্যকায় এক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়েছে। দলীয় নেতা কর্মী সমর্থক সহ উপত্যকার সাধারণ জনগনণও প্রধানমন্ত্রীর বক্তব্য শোনার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

শহর সংলগ্ন ভাটগ্রামে তৈরি হয়েছে সুবিশাল মঞ্চ। ৪০ বাই ৩২ ফুট সুবিশাল মঞ্চ দলীয় পতাকার রঙে মোড়ে দেওয়া হয়েছে। মঞ্চে ২৫ জনের বসার ব্যবস্থা করা হয়েছে। মঞ্চের ধারে কাছে যাতে কেউ ঘেঁষতে না পারেন, সে জন্য মঞ্চের দুই পাশ এবং সম্মুখে প্রায় ১০০ ফুট দূরে ব্যারিকেট বসানো হয়েছে। করোনা প্রটোকলের কারণেই নিরাপত্তার বিষয়ে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানা গিয়েছে। প্রতিবেদন পাঠানো পর্যন্ত পিএমও দফতর থেকে কোনও পাস জেলা বিজেপির হাতে পৌঁছয়নি বলে বিশ্বস্ত সূত্রে জানা গিয়েছে। সভাস্থলে কুড়ি হাজার জনতার বসার ব্যবস্থা করা হয়েছে। এর মধ্যে সংবাদ মাধ্যম সহ আমন্ত্রিত বিশেষ অতিথিদের জন্য দশ হাজার আসনের ব্যবস্থা রয়েছে এবং সাধারণ জনগণের জন্য আরও দশ হাজার আসনের ব্যবস্থা করা হয়েছে বলে জেলা বিজেপি সূত্রে জানা গিয়েছে।

দূর থেকে প্রধানমন্ত্রীকে দেখতে অসুবিধা হবে। তাই সভাস্থলের বিভিন্ন স্থানে ছয়টি বিশাল বড় পর্দার এলইডি লাগানো হয়েছে। এতে প্রধানমন্ত্রীর ভাষণ সরাসরি শুনতে ও দেখতে পারবেন জনতা। প্রধানমন্ত্রীর বিজয় সংকল্প সমাবেশে উপস্থিতদের জন্য পানীয় জলের ব্যবস্থা সহ গাড়ি পার্কিঙের জন্য বেশ কয়েকটি স্থানের ব্যবস্থা করা হয়েছে। সভাস্থলে জমায়েত বিশাল সংখ্যক জনতার প্রবেশ করতে এবং বের হতে যাতে অসুবিধার সম্মুখীন হতে না হয়, সেজন্য বেশ কয়েকটি প্রবেশ ও প্রস্থান পথে ব্যবস্থা করা হয়েছে। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বিজয় সংকল্প সমাবেশকে একশো শতাংশ সার্থক ও সফল করে তুলতে বরাক বিজেপি কোমর কষে মাঠে নেমেছে। প্রধানমন্ত্রীর সমাবেশে দলীয় কর্মী সমর্থক ও শুভানুধ্যায়ীদের উপস্থিত হতে জোরাদার প্রচার অভিযান চালিয়ে যাচ্ছেন দলীয় বিভিন্ন স্তরের কর্মকর্তারা।

# বাংলাদেশে হিন্দু নির্যাতনের নয়া প্রবাহ নিয়ে টুইট তথাগতর, সরব অনেকেই

কলকাতা, ১৮ মার্চ (হি.স.): বাংলাদেশে হিন্দু নির্যাতন নিয়ে পশ্চিমবঙ্গের প্রাক্তন বিজেপি সভাপতি তথা মেঘালয় ও ত্রিপুরার প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়ের মন্তব্যে বিতর্ক দেখা দিয়েছে। তথাগতবাবু বৃহস্পতিবার প্রথমে টুইটে, পরে ফেসবুকে লিখেছেন, ''বাংলাদেশের সুনামগঞ্জ জেলা শাল্লা উপজেলায় হিন্দুদের উপর আবার ভয়াবহ অত্যাচার। প্রণালী একই-প্রথমে নিজেরাই ফেসবুকে নিজেদের নাম অপমানজনক পোস্ট, তারপর তাকে অজুহাত হিসাবে ব্যবহার করে হিন্দুদের আক্রমণ। পশ্চিমবঙ্গের হিন্দুদের কি চৈতন্য হবে, কি ভয়াবহ ভবিষ্যৎ অপেক্ষা করছে তাঁদের জন্য?'

প্রতিক্রিয়ায় টুইটে জনৈক অলোক লিখেছেন, ''আপনার লেখা 'মাই পিপল অপরুটেড' আমি পড়েছি এবং আপনাকে আমি খুব সম্মান করি কিন্তু আপনি যে দলটির প্রতিনিধি, তাঁরা বাঙালি হিন্দুদের রক্ষা করবে আমি বিশ্বাস করি না।' জবাবে তথাগতবাবু লিখেছেন, ''যতক্ষণ না পশ্চিমবঙ্গের বাঙালি হিন্দুদের নিজেদের বিপদ সম্বন্ধে চৈতন্য হচ্ছে ততক্ষন পাঞ্জাবী রাজস্থানী মারাঠী মালায়ালীদের কী দায় পড়েছে তাদের নিয়ে মাথা ঘামাবার? তবু বিজেপিই তাদের নিয়ে দু-পাঁচটা কথা বলে, বাকিরা তো তাদের 'ধর্মনিরপেক্ষতার' উচ্ছ্বাসে ভাসায়!'

ফেসবুকে পোস্ট করার পর প্রথম এক ঘন্টায় লাইক, কমেন্ট এবং শেয়ারের সংখ্যা ছিল যথাক্রমে ৪৪৪, ১৮৭, ৩৪। সুব্রত বসু লিখেছেন, ''এখানে পালাবদল না করাতে পারলে এই অবস্থাই হবে।'' রাজা দেবনাথ লিখেছেন, ''আপনার মতো কিছু মানুষ আছেন, যারা এখনও ইসলামিক বর্বরতার দৃশ্য সবার সামনে তুলে ধরতে সোচ্চার হন। আসল ধর্মের কাজ তো এটাই। অনেক ধন্যবাদ আপনাকে।' তপন বিশ্বাস লিখেছেন, ''অবিলম্বে এর বিরুদ্ধে করা ব্যবস্থা নেওয়া হোক।'' পথের পাঁচালি লিখেছেন, ''হয় বিষফেঁড়া কেটে ফেলুন না হয় পালটা মারুন। তবেই না সমানে সমান।'' ব্রজকিশোর সাহা লিখেছেন, ''স্যার আমরা এই বদলা নিতে তৈরী শুধু আপনাদের আদেশের অপেক্ষায়।'' গৌতম ব্যানার্জি লিখেছেন, ''এটা খুব বাজে প্রবণতা যেটা বহুবছর ধরে ঘটে চলেছে। যেহেতু এটা অন্য দেশের বিষয় তাই আমাদের দেশের সরকারের উচিত এই বিষয়ে পদক্ষেপ করা। আর এখানে আমাদেরও সচেতন হতে হবে।'' সুব্রত কুমার ঘোষ লিখেছেন, ''হবে কি করে ? এরা তো গো মাংস খাওয়ার অধিকার আদায়ে ব্যস্ত!' প্রতিবাদ জানাতে গিয়ে জয়ন্ত হাওলাদার লিখেছেন, ''কাজ হারিয়ে কত ঘর সংসার ভেঙে যাচ্ছে সে সব নিয়ে কিছু বলুন। আমরা ভারতীয়রা খুব বিপদের মধ্যে আছি সে সব নিয়ে কিছু বলুন।'' আবার জয়ন্তবাবুর মন্তব্যের প্রতিবাদ করে একগুচ্ছ মন্তব্য এসেছে। অশোক বৈরাগ্য লিখেছেন, ''তুই নির্ঘাত বামপন্থী....।'' কুশল বসু লিখেছেন, ''কাজ হারিয়ে তো বাঁচবেন, নির্লজ্জ না হয়ে ওদের কোথাও ভাবুন।'' এসসি শিমূল লিখেছেন, ''একেই বলে আত্মবিস্মরণ! হায়রে, বাঙালি হিন্দু অসহায় পক্ষে কথা বললেই কাজ দে ভাত চলে আসে। ৩৪ বছর কি না খেয়ে ছিলে নাকি বেশি খেয়ে ফেলছো? নিরীহ হিন্দুদের ওপর বর্বর আত্যাচার হচ্ছে তার প্রতিবাদ করবে না?'' রঞ্জিত কর লিখেছেন, ''আপনাদের মতো মানুষের জন্যেই ইরান, ইরাক, আফগানিস্তানের মতো দেশ হিন্দুশুন্য হয়ে গেছে। নিজের দেশেও ওই লুঙ্গীধারিদের ভয়ে ভয়ে জীবন কাটিয়ে দেবেন। আমাদের দেশে অবৈধভাবে যে লুঙ্গীধারিগুলো বসবাস করছে এদের তাড়ালে অনেক রোজগার আর বাসস্থান চলে আসবে।'' বাপান হাজরা লিখেছেন, ''ওরে খানকীর ছেলে এই সমস্যাটা আগেই ভেবে দেখ! কি হতে চলেছে!''কৃষ্ণেন্দু কুন্ডু লিখেছেন, ''এরকম দৈন্য দশা না হলে কি আর ওপারের কুমির দেখিয়ে এখানে ভোট চাইছেন !!! তা আপনার প্রভু তো বাংলাদেশ সফরে যাচ্ছে কিছুদিন পরেই, তাহলে প্রভুকে বলুন না হাসিনার কাছে যেন এই কথাটা পারে !!..তাহলে বুঝব ৫৬ ইঞ্চির দম কত !' কৌশিক ভাদুড়ি লিখেছেন, ''দাদু আপনার ঘুম হয়না দেখছি। এটা হিন্দু মুসলিমের সমস্যা নয়, সমস্যা আপনার বিছানায়। তাই বালিশ পরিবর্তন করুন আর ভালো করে ঘুমান।'' এর জবাবে আলোকিত প্রীতম মহাকাল লিখেছেন, ''আপনি নাকে তেল দিয়ে ঘুমান। যার স্বজাতির প্রতি মায়া আছে তিনি তো আহাজারি করবেনেই। যেমন হাজার হাজার মাইল দূরে ফিলিস্তিনে বোমা ফাটলে কলকাতায় বামেদের ঘুম হারাম হয়ে যায়।'' রাজ রাজ লিখেছেন, ''এখন আগুনটা অন্যর ঘরে লেগেছে, ওই আগুন টা যখন আপনার ঘরে লাগবে তখন বুঝতে পারবেন।'

# বোমাবাজিতে উত্তপ্ত অর্জুন সিংয়ের খাসতালুক ভাটপাড়া

কলকাতা, ১৮ মার্চ (হি স)। বুধবার রাতে উত্তপ্ত হয়ে ওঠে বিজেপি সাংসদ অর্জুন সিংয়ের খাসতালুক ভাটপাড়া। দাপুটে সাংসদের বাড়ির সামনে বোমাবাজির অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধে। পুলিশও কোনও ব্যবস্থা নেয়নি বলে দাবি অর্জুনবাবুর। এ নিয়ে বৃহস্পতিবার নির্বাচন কমিশনেও যাবেন বলে জানিয়েছেন সাংসদ।

স্থানীয় সূত্রে খবর, বুধবার সন্ধে সাড়ে সাতটা নাগাদ ভাটপাড়ার ১৮ নং ওয়ার্ডে ৮ নং গলিতে এলাকায় বোমাবাজি শুরু হয়। ৮-১০টি বোমা পড়ে বলে অভিযোগ। সেই সময় এক বৃদ্ধ জখম হন। এই এলাকাতেই সাংসদ অর্জুন সিংয়ের বাড়ি। বোমাবাজির সময় বাড়ি ছিলেন না সাংসদ।

সন্ধ্যায় এলাকায় জগদ্দল থানার পুলিশ আসে। তাঁদের সামনেই আরও এক দফা বোমাবাজি হয়। তখন ঘটনাস্থলে আসেন সাংসদও। অভিযোগ, সেই সময় অর্জুনবাবু পুলিশের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন। দ্বিতীয় দফার এই বোমবাজিতে এক ১৪ বছরের কিশোর জখম হয় বলে খবর।

ঘটনাটি যখন ঘটে সেই সময় ঘটনাস্থলে পুলিশ মোতায়েন ছিল। কিন্তু তাদের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ এনেছেন সাংসদ। সূত্রের খবর, আজ, বৃহস্পতিবার পুলিশের বিরুদ্ধে নির্বাচন কমিশনে যাচ্ছেন অর্জুন সিং। বোমাবাজির ঘটনায় থমথমে গোটা এলাকা। রাতে ব্যাফ নামানো হয়েছিল বলে খবর।

বিজেপির অভিযোগ, তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরাই এই ঘটনা ঘটিয়েছে। অন্যদিকে, তৃণমূল এটি বিজেপি-র অন্তর্কলহ বলে দাবি করছে। পুলিশের দাবি, কে বা কারা এই ঘটনা ঘটিয়েছে, তা এখনও স্পষ্ট নয়। সাংসদের কথায়, তৃণমূলের দালালি করছে পুলিশ। অভিযুক্তদের বিরুদ্ধে কোনও ব্যবস্থায় নিচ্ছে না তারা। হিন্দুস্থান সমাচার/ অশোক

# সামসেরগঞ্জে জার ভরতি বোমা উদ্ধার

সামসেরগঞ্জ, ১৮ মার্চ (হি. স.) : ভোট যত এগিয়ে আসছে ততই বাড়ছে রাজনৈতিক হিংসার ঘটনা। কোথাও বোমাবাজি তো কোথাও হাতাহাতির ঘটনা ঘটছে।ভোটের আগে মুর্শিদাবাদ থেকে জার ভরতি বোমা উদ্ধার হয়েছে। কে বা কারা কী উদ্দেশে বোমা মজুত করেছে, তা এখনও স্পষ্ট নয়।

সামসেরগঞ্জ থানার সিকদারপুর গ্রামে একটি পরিত্যক্ত জমি থেকে এই জার ভরতি বোমা উদ্ধার হয়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় সামসেরগঞ্জ থানার পুলিশ। বম্ব স্কোয়াডকেও খবর দেওয়া হয়েছে। কে বা কারা সেখানে বোম গুলো রেখেছে তা খতিয়ে দেখছে পুলিশ।

জানা গিয়েছে, এদিন রাতে সিকদারপুর গ্রামের রিটন শেখের বাড়ির সামনে শৌচাগারের পিছন দিকে পরিত্যক্ত একটি জায়গায় বোমা রাখা আছে বলে খবর পায় পুলিশ। মাটি খুঁড়তেই বেরিয়ে আসে জার ভরতি বোমা। যদিও জারে মোট কতগুলো বোমা রয়েছে তা এখনও জানা যায়নি। অন্যদিকে লাভপুরেও গত রাতে তৃণমূল নেতার বাড়িতে বোমবাজির অভিযোগ উঠেছে বিজেপি আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। এই ঘটনায় ৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। হিন্দুস্থান সমাচার/ অশোক

# দক্ষিণবঙ্গে চড়বে তাপমাত্র, উত্তরবঙ্গে বৃষ্টির সম্ভাবনা

কলকাতা, ১৮ মার্চ (হি. স.) : সপ্তাহের শেষে রাজ্যে ক্রমেই বাড়বে গ্রীষ্মের দাপট। আপাতত দক্ষিণবঙ্গে বৃষ্টির কোনও সম্ভাবনা নেই। তবে উত্তরবঙ্গে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এমনটাই জানিয়েছে আলিপুর হাওয়া অফিস।

বুধবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রি ও সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে ১ ডিগ্রি বেশি। তবে দক্ষিণবঙ্গে বৃষ্টির পূর্বাভাস না থাকলেও উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পংয়ে আগামী ২৪ ঘন্টায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। পাশাপাশি ৩০ থেকে ৪০ কিমি বেগে বইতে পারে ঝোড়ো হাওয়া। বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে জম্মু ও কাশ্মীর, লাদাখ, গিলগিট-বালতিস্তান, মুজফফারবাদ, হিমাচল প্রদেশ এবং উত্তরাখণ্ডে। বষ্টি হতে পারে মধ্যপ্রদেশ ও ছত্তিশগড়েও। হিন্দুস্থান সমাচার /সোনালি

# প্রয়াত বিশিষ্ট প্রকাশক ইন্দ্রাণী রায়

**অশোক সেনগুপ্ত**

কলকাতা, ১৮মার্চ(হি.স.) : প্রয়াত হলেন বিশিষ্ট প্রকাশক ইন্দ্রাণী রায়। 'মিত্র ও ঘোষ'-এর স্বত্বাধিকারী সবিতেন্দ্রনাথ রায়ের (ভানুবাবু) কন্যা ইন্দ্রাণী ক্যান্সারে আক্রান্ত হয়েছিলেন। বৃহস্পতিবার ভোরে তিনি কলকাতার একটি বেসরকারি হাসপাতালে মারা যান।

এদিন সকালে বিখ্যাত সংস্থা 'মিত্র ও ঘোষ'-এর তরফে ফেসবুকে ঘোষণা করা হয়, ''আমাদের কর্ণধার ইন্দ্রাণী রায় মিত্র চলে গেলেন দিকশূণ্যপুরের পথে।'' বিশিষ্ট প্রকাশক তথা 'নবকল্লোল' ও 'শুকতারা'-র সম্পাদক এবং ইন্দ্রানীর ঘনিষ্ঠ বান্ধবী রূপা মজুমদার 'হিন্দুস্থান সমাচার'-কে প্রতিক্রিয়ায় জানান, ''ওঁর বয়স হয়েছিল বছর পঞ্চাশ। ইন্দ্রাণী রেখে গিয়েছেন ৮৫ বছরের বাবা, স্বামী নূর ইসলাম, কন্যা তিন্নি (আকাশনীলা) এবং অসংখ্য গুনমুগ্ধকে।

তাঁর মৃত্যুর খবরে কলেজ স্ট্রিটের বইপাড়ায় শোকের আবহ নেমে আসে। সংস্থার প্রতিটি কর্মীকে নিজের পরিবারের সদস্যের চোখে দেখতেন। বইপাড়ায় একটা নতুন আবহ তৈরি করেছিলেন। উদীয়মান নবীন লেখকদের সুযোগ দেওয়ার পাশাপাশি ডব্লুবিসিএস পরীক্ষার্থীদের জন্য বাংলায় বই প্রকাশ করে সংবাদে এসেছিলেন।''

রূপা বলেন, ''কলেজ স্ট্রিটের সার্বিক মানোন্নয়নে সক্রিয় ভূমিকা নিচ্ছিলেন ইন্দ্রানী। পুরুষতান্ত্রিক প্রকাশনাজগতে বিভিন্ন অনিয়মের প্রতিবাদ করতেন। পাবলিশার্স অ্যান্ড বুকসেলার্স গিল্ড কেন মহিলাদের নেবে না থেকে শুরু করে কেন বইপাড়ায় প্রাকৃতিক ডাকে সাড়া দেওয়ার জন্য মহিলাদের পৃথক ব্যবস্থা থাকবে না সংগ্রামী মনোভাব নিয়ে এ রকম নানা প্রশ্ন তুলতেন। সর্বদা আমি সঙ্গে থেকেছি। মাসখানেক আগে আরও কয়েকজনের সহযোগিতায় আমরা দু'জন কলকাতায় একটা বড় বইমেলার আয়োজন করি। ক'দিন ধরে স্ফূর্তি আর প্রাণস্পন্দন নিয়ে তার জন্য কাজ করেন তিনি। কেউ বুঝতে পারেননি ওটাই বুঝি প্রদীপ নিভে যাওয়ার আগে জ্বলে ওঠা। আমাদের অনেক পরিকল্পনা ছিল বইপাড়া নিয়ে। বাস্তবায়িত হল না!'' হিন্দুস্থান সমাচার/ অশোক

# আজই বিজেপির বাকি ১৬৭ আসনের প্রার্থী তালিকা প্রকাশের আশা

কলকাতা, ১৮ মার্চ (হি. স.) : আজকের মধ্যেই সম্পূর্ণ প্রার্থী তালিকা ঘোষণা হওয়ার সম্ভাবনা রয়েছে। বৃহস্পতিবার রাজ্য বিজেপি সভাপতি দিলীপ ঘোষ একথা বলেন।

তৃণমূল অনেক আগেই নিজেদের পূর্ণাঙ্গ প্রার্থী তালিকা প্রকাশ করে দিয়েছে। শাসকদলের প্রার্থীরা জোরকদমে প্রচারেও নেমে পড়েছেন। কিন্তু বিজেপির পরিস্থিতি সম্পূর্ণ উলটো। এখনও অর্ধেকের বেশি আসনে প্রার্থী ঘোষণা করে উঠতে পারেনি গেরুয়া শিবির। যার জেরে প্রচারে কোথাও না কোথাও পিছিয়ে পড়তে হচ্ছে। তাই আর দেরি করতে রাজি নয় গেরুয়া শিবির।

মঙ্গলবার রাত ও বুধবার দিনভর বৈঠকের পর রাজ্যের বাকি পঞ্চম, ষষ্ঠ , সপ্তম ও অষ্টম, এই চার দফার প্রার্থীদের নাম চূড়ান্ত করেছে বিজেপি। পাশাপাশি দ্বিতীয় ও তৃতীয় দফার যে সমস্ত আসনের প্রার্থীদের নাম ঘোষণা করা হয়নি সেগুলিতেও নাম চূড়ান্ত করা হয়েছে। সূত্রের খবর, এই ১৬৭টি আসনের জন্য আজই প্রার্থীদের নাম ঘোষণা করে দেবে গেরুয়া শিবির। সেই সঙ্গে কর্মীদের অসন্তোষের জেরে একাধিক আসনে প্রার্থী বদলেও দেওয়া হতে পারে।

দিল্লিতে বিজেপির নির্বাচনী কমিটির বৈঠক সেরে বৃহস্পতিবার সকাল ৬টা নাগাদ কলকাতায় ফিরলেন রাজ্য বিজেপির নেতৃত্ব। বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষ, মুকুল রায়, রাহুল সিনহা, রাজীব বন্দ্যোপাধ্যায়সহ সকলেই এদিন কলকাতায় ফেরেন।

গতকাল গভীর রাত পর্যন্ত দিল্লিতে দলের সদর দপ্তরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে দলের কেন্দ্রীয় নির্বাচন কমিটির বৈঠকে বাকি আসনের নামের তালিকায় সিলমোহর বসেছে। আজ, বৃহস্পতিবার প্রার্থীদের সেই নামের তালিকা ঘোষণা করা হতে পারে বলে দলীয় সূত্রে খবর।

বিজেপি সূত্রের খবর, তৃতীয় ও চতুর্থ দফার মতোই বাকি দফার প্রার্থী তালিকায় চমক থাকছে। রাজ্যের শাসকদল তৃণমূল, বাম ও কংগ্রেস থেকে দলে আসা নেতাদের পাশাপাশি যে সমস্ত অভিনেতা ভোটের আগে বিজেপিতে যোগ দিয়েছেন, তাঁদের অধিকাংশকেই প্রার্থী করা হচ্ছে। তালিকাতেই রয়েছে অভিনেতা শ্রাবন্তী চট্টোপাধ্যায় থেকে রুদ্রনীলের নামও। জানা যাচ্ছে, সব কিছু ঠিক থাকলে হাওড়ার শিবপুর থেকে বিজেপির প্রার্থী হচ্ছেন রুদ্রনীল। সম্ভাব্য প্রার্থী হিসাবে কৃষ্ণনগর দক্ষিণ থেকে মুকুল রায়ের নাম শোনা যাচ্ছে। মুকুল-পুত্র শুভ্রাংশু রায় নিজের বীজপুর কেন্দ্র থেকেই প্রার্থী হচ্ছেন।

রাজারহাট-গোপালপুর থেকে শমীক ভট্টাচার্যর নাম শোনা গিয়েছে। বড়বাজার থেকে লড়বেন প্রবীণ নেতা ও প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা। জোড়াসাঁকো কেন্দ্রে শিশির বাজোরিয়া ও চৌরঙ্গি থেকে রীতেশ তিওয়ারি টিকিট পেতে চলেছেন। কৃষ্ণনগর উত্তর কেন্দ্রের জন্য নাম রয়েছে কল্যাণ চৌবের। পানিহাটিতে সন্ময় বন্দ্যোপাধ্যায় ও খড়দা আসনে শীলভদ্র দত্ত প্রার্থী হতে পারেন বলে খবর।হিন্দুস্থান সমাচার/

# ২৪ ঘন্টায় আক্রান্ত ৩৫,৮৭১ জন ভারতে করোনায় মৃত্যু ১,৫৯,২১৬

নয়াদিল্লি, ১৮ মার্চ (হি.স.): করোনার দ্বিতীয় ঢেউ ভারতে আছড়ে পড়েছে বলেই মনে হচ্ছে। বাড়তে বাড়তে ভারতে দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা ৩৫,৮৭১-এ পৌঁছে গিয়েছে। ২৪ ঘন্টায় সমগ্র দেশে মৃত্যুর সংখ্যা ১৭২-এ পৌঁছেছে। ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বাড়তে বাড়তে ২.৫২-লক্ষের গণ্ডি ছাড়িয়ে গেল। মঙ্গলবার সারা দিনে ভারতে নতুন করে করোনাভাইরাসে সংক্রমিত হয়েছেন ৩৫ হাজার ৮৭১ জন, এই সময়ে ভারতে মৃত্যু হয়েছে ১৭২ জনের। পাশাপাশি বিগত ২৪ ঘন্টায় ১৭,৭৪১ জন করোনা-রোগী ভারতে সুস্থ হয়ে উঠেছেন। ফলে বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ১,১০,৬৩, ০২৫ জন করোনা-রোগী। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় ভারতে নতুন করে করোনাভাইরাসে সংক্রমিত হয়েছেন ৩৫,৮৭১ জন। ফলে ভারতে মোট করোনা-আক্রান্তের সংখ্যা ১ কোটি ১৪ লক্ষ ৭৪ হাজার ৬০৫-এ পৌঁছে গিয়েছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক বুলেটিনে জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় ১৭২ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ১,৫৯,২১৬ জন। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে সক্রিয় করোনা রোগীর সংখ্যা ২ লক্ষ ৫২ হাজার ৩৬৪ জন (২.২০ শতাংশ), বিগত ২৪ ঘন্টার মধ্যে বেড়েছে ১৭,৯৫৮ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৩ কোটি ৭১ লক্ষ ৪৩ হাজার ২৫৫ জনকে করোনা-টিকা দেওয়া হয়েছে, তাঁদের মধ্যে ২০,৭৮, ৭১৯ জনকে বিগত ২৪ ঘন্টায় কোভিড টিকা দেওয়া হয়েছে।

# রাজগঞ্জে দুই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে মৃত ১, জখম ৩

রাজগঞ্জ, ১৮ মার্চ (হি. স.) : শিলিগুড়ি জলপাইগুড়ি জাতীয় সড়কে পানিকৌরি এলাকায় দুটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল একজনের। গুরুতর জখম হয়েছেন ৩ জন। তাঁদের আশঙ্কাজনক অবস্থায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে।

জানা গেছে, এদিন পাথর বোঝাই একটি ট্রাকের সঙ্গে রাজগঞ্জ বাজারের দিকে যাওয়ার সময় বিপরীত দিক থেকে আসা একটি বড় ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। ফলে পাথর বোঝাই ট্রাকটি পুরোপুরি দুমড়ে-মুচড়ে যায়। ওই দুর্ঘটনায় পাথর বোঝাই ট্রাকের চালক প্রহ্লাদ রায় এবং ৩ জন শ্রমিক তাপস সাহা, সঞ্জয় সাহা ও নিলু সাহা গুরুতর জখম হয়। তাঁদের উদ্ধার করে প্রথমে রাজগঞ্জ গ্রামীণ হাসপাতাল নিয়ে যাওয়া হলে তাঁদেরকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের রেফার করা হয়। সেখানে তাপস সাহা নামে শ্রমিকের মৃত্যু হয়। ইতিমধ্যে ঘটনাস্থলে আসে রাজগঞ্জ থানার পুলিশ।

দুর্ঘটনার পরেই বড় ট্রাকের চালক ও সহকারী চালক পালিয়ে যায়। দুর্ঘটনার পরেই রাস্তা অবরোধ করেন এলাকাবাসীরা। এরপর পুলিশ পানিকৌরি মোড়ে ক্রসিংয়ের ব্যবস্থা করার আশ্বাস দেওয়ায় অবরোধ তুলে নেন বাসিন্দারা। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। হিন্দুস্থান সমাচার / সোনালি

# বিলোনীয়ায় বিএসএফ ও বিজিবির মধ্যে মৈত্রী ফুটবাল ম্যাচ অনুষ্ঠিত




**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৮ মার্চ।।** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষের উদযাপনকে সামনে রেখে বিলোনিয়া বিকেআই স্টেডিয়ামে বৃহস্পতিবার অনুষ্ঠিত হয় মৈত্রী ফুটবল ম্যাচ। বিএসএফ ও বিজিবি এর মধ্যে হয় এই ম্যাচ। ১৮ই মার্চ বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষ। ভারত- বাংলার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অটুটের বার্তা দিয়ে উভয় দেশের সীমান্ত রক্ষী বাহিনী বিএসএফ-বিজিবি'র মৈত্রী ফুটবল ম্যাচ হয়। এই ফুটবল ম্যাচ কে কেন্দ্র করে গত সাতদিন ধরে মাঠের প্রস্তুতি এবং খেলাকে আকর্ষণীয় করে তোলার জন্য বিএসএফের প্রস্তুতির ঘাটতি ছিল না। মাঠের চারদিক দর্শক বসার জন্য আগে থেকেই এই মিনি স্টেডিয়ামে বসার জায়গা অর্থাৎ গ্যালারি কে আরো সুন্দর করে তুলতে বিএসএফ থেকে সুসজ্জিত ভাবে সাজিয়ে তোলা হয়েছে। বিলোনিয়া বিকে আই স্টেডিয়ামে মৈত্রী ফুটবল ম্যাচ কে কেন্দ্র করে বৃহস্পতিবার সকাল থেকে বিএসএফের পক্ষ থেকে বিকেআই স্টেডিয়ামে আয়োজিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। বিএসএফ এর ডিজি ,বাংলাদেশ বিজিবি"র রিজনাল কমান্ডেন্ট , বিএসএফ ও বিজেবি উচ্চপদস্থ আধিকারিকরা, বিভিন্ন স্তরের পদস্থ অফিসারগন উপস্থিত ছিলেন। বিলোনিয়া মুহুরি ঘাট সীমান্ত চেকপোস্ট দিয়ে বৃহস্পতিবার সকালেই বিজিবির খেলোয়ার সহ বাংলাদেশের ৭৫ জনের টিম এপারে এসে খেলায় উপস্থিত হয়। উভয় দেশের ফুটবল খেলোয়াড় দের সাথে দুই দেশের পদস্থ আধিকারিকেরা পরিচিতি হবার পরই দুই দেশের জাতীয় সংগীতের সুর বেজে উঠে। এরপর শান্তি ও মৈত্রীর বার্তা দিয়ে পায়রা ও বেলুন ওড়ানো হয়। শুরু হয় বিএসএফ ও বিজিবি এর মধ্যে মৈত্রী ফুটবল ম্যাচ। উত্তেজনা পূর্ণ এই ম্যাচ কোন দলই গোল করতে পারেননি।উভয় দলই কয়েকটি গোল করার সুযোগ পেলেও তা গোলবারের লক্ষ ভ্রষ্ট হয়ে যায়।মৈত্রী ফুটবল ম্যাচ ছিল উত্তেজনা কিন্তু ৫০ মিনিটেখেলা।খেলা শেষে উভয় দেশের পক্ষ থেকে ফুটবল খেলোয়াড়দের হাতে তুলে দেওয়া হয় ট্রফি। এর পর বিএসএফের ডিজি রাকেশ আস্তানা ও বাংলাদেশের বিজিবি রিওজোনাল কমাডেন্ট নরোজ এসান দুই দেশের মৈত্রী সম্পর্ক অটুটের বার্তা দিয়ে আলোচনা রাখেন।

এই দিনের আয়োজিত মৈত্রী ফুটবল ম্যাচ এ এছাড়া ছিলেন বিএসএফের এডিজি পঙ্কজ কুমার সিং , আইজি ফ্রন্ট ইয়ার লাইন সুশান্ত কুমার নাথ , দক্ষিণ জেলার জেলা শাসক দেবপ্রিয় বর্ধন ও বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক সহ বিভিন্ন পদস্থ আধিকারিকেরা।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# কমলা হ্যারিসের বাড়ির বাইরে ক অস্ত্র-সহ গ্রেফতার ১

ওয়াশিংটন, ১৮ মার্চ (হি.স.) : আমেরিকার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসের সরকারি বাসভবনের কাছে অস্ত্র-সহ গ্রেফতার মানসিক ভারসাম্যহীন এক ব্যক্তি। টেক্সাসের বাসিন্দা পল মুরে নামে ওই ব্যক্তিকে বুধবার গ্রেফতার করে ওয়াশিংটন পুলিশ। তার বিরুদ্ধে একাধিক ধারায় মামলা রুজু করা হয়েছে।

গোয়েন্দা বিভাগ মারফত পুলিশ খবর পেয়ে দুপুর ১২টা নাগাদ ম্যাসাচুসেটস অ্যাভিনিউয়ের রাস্তায় হানা দেয়। সেখান থেকেই মুরেকে গ্রেফতার করা হয়। পুলিশ মুরের গাড়ি থেকে একাধিক বন্দুক ও গুলি উদ্ধার করেছে। মুরের কাছ থেকে এআর-১৫ রাইফেল এবং ১১৩ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। বিপজ্জনক অস্ত্র রাখা, বেআইনি ভাবে অস্ত্র মজুত করা, বিপুল পরিমাণ গুলি সংগ্রহে রাখার অভিযোগে রুজু হয়েছে মামলা। কমলা হ্যারিসকে আক্রমণের ছক ছিল কি না তা-ও খতিয়ে দেখছে পুলিশ।

পুলিশ প্রাথমিক ভাবে জানিয়েছে, মুরে মানসিক ভারসাম্যহীন। এই ঘটনা ঘটানোর আগে নিজের মা-কে একটি মেসেজ করেন তিনি। সেখানে লেখা ছিল, আমেরিকার প্রশাসন তাঁকে মারতে চাইছে। নিজের সুরক্ষার স্বার্থেই যা ব্যবস্থা নেওয়ার তিনি নিচ্ছেন।

## আগরতলায়

● প্রথম পাতার পর

থেকেই চতুর্দিকে খুঁজাখুঁজি চলছিল।আজ সকালেও আত্মীয়-স্বজনরা অনেক খোঁজাখুঁজির পরও পাননি লক্ষ্মীমণি উরাংকে। আজ দুপুরে উনার স্ত্রী গরু চড়াতে গিয়ে দেখতে পান জঙ্গলের মধ্যে ঝুলন্ত অবস্থায় ননদের মৃতদেহ। তবে পারিবারিক কোনো ঝামেলা ছিল না বলে জানিয়েছেন মৃতার বড় ভাই। পরে খবর দেওয়া হয় কদমতলা থানায়। খবর পেয়ে ঘটনাস্থলে কদমতলা থানার এসআই বুদ্ধিমান দেববর্মা সহ বিশাল পুলিশবাহিনী উপস্থিত হয় মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কদমতলা গ্রামীণ হাসপাতালে পাঠিয়ে দেন।

এদিকে গোটা বিষয়টি নিয়ে কদমতলা থানার এসআই বুদ্ধিমান দেববর্মা জানান,আজ দুপুরে থানায় খবর আসে যে রানীবাড়ী গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি ঝুলন্ত মৃতদেহ পাওয়া গিয়েছে।ঘটনাস্থলে উপস্থিত হয়ে মৃতদেহ নামিয়ে ময়নাতদন্তের জন্য পাঠিয়ে দিয়েছেন কদমতলা হাসপাতালের মর্গে। তবে এটি হত্যা না আত্মহত্যা তদন্ত করে দেখছে পুলিশ। পুলিশ সূত্রে আরো জানা যায়, আগামীকাল মাধ্যমিকের পর লক্ষী মনির তার পরিবারের হাতে তুলে দেবে কদমতলা থানার পুলিশ।

তবে ২১ বছর বয়সী তরতাজা যুবতীর ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হওয়াতে গোটা রানি বাড়ি এলাকায় সুখের ছায়া নেমে এসেছে।

রাজধানী আগরতলা শহর সংলগ্ন পূর্ব আড়ালিয়ার জঙ্গল থেকে এক ব্যক্তির ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়েছে। মৃত ব্যক্তির নাম কমল সাহা।সাতসকালেই রাজধানী আগরতলা শহর সংলগ্ন পূর্ব আড়ালিয়ার জঙ্গল থেকে এক ব্যক্তির ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়েছে। মৃত ব্যক্তির নাম কমল সাহা। বয়স আনুমানিক ৫১ বছর। পারিবারিক সূত্রে জানা গেছে ওই ব্যক্তি রাবার বাগানে কাজ করতো। এলাকায় তিনি সহজ সরল মানুষ হিসেবে পরিচিত ছিলেন।সাত সকালে বাড়ি থেকে বেরিয়ে গিয়ে কেন রাবার বাগানের ফাঁসি দিয়ে আত্মহত্যা করলো ঐ ব্যক্তি তা নিয়ে নানা কৌতুহলের সৃষ্টি হয়েছে।জানা যায় বৃহস্পতিবার সকালে রাবার বাগানে ঝুলন্ত মৃতদেহ দেখতে পেয়ে স্থানীয় লোকজন তার পরিবারকে খবর দেন।

খবর পেয়ে তার স্ত্রী এবং আত্মীয়-স্বজনরা সেখানে ছুটে যান। খবর পাঠানো হয় পুলিশকে। খবর পেয়ে পুলিশ ছুটে গিয়ে সেখান থেকে ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জিবি হাসপাতাল মর্গে পাঠিয়েছে। আত্মহত্যার সঠিক কারণ সম্পর্কে পরিবারের লোক জন কিছুই বলতে পারছেন না।পূর্ব আড়ালিয়া রাবার বাগানে এক ব্যক্তির ঝুলন্ত মৃতদেহ উদ্ধারের সংবাদে গোটা এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।পুলিশ এ ব্যাপারে অস্বাভাবিক মৃত্যু জনিত মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে।

# আমি আপনাদের পাহারাদার : মমতা বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১৮ মার্চ (হি. স.) : "বিজেপি মিথ্যে কথার গ্যাস বেলুন, ভোটের আগে ক্যাশ বেলুন।" পাশাপাশি হুঙ্কার ছেড়ে বললেন, "আমি বাঘের বাচ্চা, লড়তে ভয় পাই না। আমি আপনাদের পাহারাদার।" পশ্চিম মেদিনীপুরের গড়বেতার সভা থেকে আবারও বিজেপিকে কটাক্ষ করে এই মন্তব্য করলেন তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

তিনি বলেন, নির্বাচন দোরগোড়ায়। ২৭ মার্চ প্রথম দফার নির্বাচন। ফলে স্বাভাবিকভাবেই জোড়কদমে প্রচার শুরু করেছে তৃণমূল-বিজেপি। অসুস্থতা সত্ত্বেও কার্যত প্রতিদিনই একাধিক সভা করছেন মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার গড়বেতায় সভা করেন তিনি। সেখান থেকেই একাধিক ইস্যুতে বিজেপিকে নিশানা করেন নন্দীগ্রামের তৃণমূল প্রার্থী।

এদিনের সভা থেকে বিজেপিকে সর্বনাশা রাজনৈতিক দল বলে কটাক্ষ করেন মমতা। বলেন, "বিজেপির শাসনকালে বেড়েছে বেকারত্ব।" পাশাপাশি আশ্বাস দেন, "বাংলায় কোটি টাকার প্রজেক্ট হচ্ছে। আগামীতে প্রত্যেকে চাকরি পাবেন। বেকারত্ব দূর হবে।" এরপরই বিজেপিকে চ্যালেঞ্জ ছুঁড়ে মমতা বলেন, "আমি মাথা নত করব না।" মুখ্যমন্ত্রী দাবি করেন, টাকা দিয়ে ভোট কেনার চেষ্টা করছে গেরুয়া শিবির। এরপরই সাধারণ মানুষকে সতর্ক করে তিনি বলেন, "অনেকেই নির্বাচনের আগে ক্লাব, মন্দিরে টাকা দিয়ে জোর করে ভোট আদায়ের চেষ্টা করবে। ভুলেও ওদের ফাঁদে পা দেবেন না। ভয় দেখালেও গুরুত্ব দেবেন না।" বহিরাগতদের দিয়ে ভোট লুটের চেষ্টা করলে মা-বোনেদের রুখে দাঁড়ানোর পরামর্শ দেন তিনি।

২৭ তারিখ থেকে খেলা শুরু করার আহ্বান জানান তৃণমূল নেত্রী। পাশাপাশি, নন্দীগ্রাম আন্দোলনে জড়িতদের বিরুদ্ধে মামলা প্রসঙ্গে এদিন ফের মমতা বলেন, "ওদের গ্রেফতার করলে প্রত্যেক বিজেপি নেতাকে গ্রেপ্তার করবে।" আত্মবিশ্বাসী সুরে বললেন, "ফের তৃণমূলের সরকারই বাংলার দায়িত্ব পাবে।"

# শুভেন্দুর কর্মসূচী ঘিরে অশান্তি সোনাচূড়ায় সংঘর্ষ তৃণমূল-বিজেপিতে

কলকাতা, ১৮ মার্চ (হি. স.) : বৃহস্পতিবার ফের রক্ত ঝরলো নন্দীগ্রামে। এদিন সোনাচূড়ায় সভা ছিল বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারীর। তাঁর সভার আগে তৃণমূল-বিজেপি বচসায় অশান্ত ওঠে এলাকা। সভায় এসে এই নিয়ে নিন্দা করায় তিনি সভাস্থল ছাড়ার পর ফের উত্তপ্ত হয়ে ওঠে এলাকা। বচসা থেকে হাতাহাতিতে জড়িয়ে পড়েন দুই রাজনৈতিক দলের সদস্যরা। ঘটনায় মাথা ফেটে যায় ২ জন সমর্থকের। এছাড়াও আহত হন বেশ কয়েকজন।

সংবেদনশীল কেন্দ্র নন্দীগ্রামে ক্রমশই চড়ছে উত্তেজনার পারদ। সব সীমা ছাড়িয়ে যায় বৃহস্পতিবার। এদিন শুভেন্দু অধিকারী সভায় আসার আগে। তিনি আসার আগেই "গো ব্যাক" স্লোগান তোলেন স্থানীয় তৃণমূল সমর্থকরা। এর বিরোধিতা করলে তাঁদের সঙ্গে বচসা বাঁধে বিজেপি সমর্থকদের। এরপরই সভায় আসেন শুভেন্দু বাবু। তিনি এসে ঘটনার কথা শুনে নিন্দার সুরে এর নেপথ্যে তৃণমূলকেই দায়ী করে বলেন, তাঁকে আটকানোর জন্যই তৃণমূল এসব করাচ্ছে।

এই কথা বলে সভাস্থল ছেড়ে তিনি চলে যাওয়ার পরই অশান্তির আঁচ বাড়ে সেখানে। খণ্ডযুদ্ধ বেঁধে যায় তৃণমূল-বিজেপি সমর্থকদের মধ্যে। হাতাহাতি ছাড়িয়ে লাঠালাঠিতে পৌঁছে যায় সংঘর্ষ। লাঠির আঘাতে আহত হন দুইপক্ষের প্রায় ৫ জন। মাথা ফেটে রক্ত ঝরে ২ জনের। তাঁদের নন্দীগ্রাম হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিজেপির দাবি, তৃণমূলের লাঠির আঘাতে মাথা ফেটেছে তাঁদের যুব মোর্চা সভাপতির। পাশাপাশি তৃণমূলেরও দাবি, আহত হয়েছেন তাঁদের পক্ষের কয়েকজনও। অশান্তির খবর পেয়ে কেন্দ্রীয় বাহিনী দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

## বিজেপিতে

● প্রথম পাতার পর

যোগ দেওয়ার পর মুহূর্তেই বিজেপির মঞ্চ থেকে এদিন মমতা বন্দ্যোপাধ্যায়ের সমালোচনা করলেন অরুণ। তিনি বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় জয় শ্রীরাম ধ্বনি শুনলেই কেন রেগে যাচ্ছেন বুঝতে পারছি না।

## আনন্দনগরে

● প্রথম পাতার পর

হয়ে দাঁড়িয়েছে। সে কারণেই বেসরকারি সংস্থা গুলির দিকে নজর দিচ্ছে অনেকেই। এক্ষেত্রেও প্রতারক চক্রের খপ্পরে পড়ছে বেকার যুবক যুবতীরা। সংবাদ সূত্রে জানা গেছে আনন্দনগর ৫ নং পাড়ায় ওএনজিসিতে চাকরি পাইয়ে দেওয়ার নাম করেএক উপজাতি বেশ কিছুদিন ধরে বেকার যুবকদের সঙ্গে প্রতারণা করে আসছিল।বৃহস্পতিবার ওই প্রতারক যুবক পুনরায় আনন্দনগরের পাঁচ নং পাড়ায় আসলে তাকে হাতেনাতে আটক করেন স্থানীয় জনগণ। তাকে উত্তম মধ্যম দিয়ে শেষ পর্যন্ত শ্রীনগর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।এ ধরনের প্রতারণামূলক ঘটনাকে কেন্দ্র করে আনন্দনগর সহ পার্শ্ববর্তী এলাকায় তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। শ্রীনগর থানার পুলিশ তার বিরুদ্ধে নির্দিষ্ট থানায় মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে।

# ২৪ ঘন্টায় মৃত্যু ১,২৮৮ জনের, আমেরিকায় করোনা-সংক্রমণ বাড়ছেই

ওয়াশিংটন, ১৮ মার্চ (হি.স.): আমেরিকায় ফের ঊর্ধমুখী দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা, বেড়েই চলেছে মৃত্যুর সংখ্যাও। আমেরিকায় বিগত ২৪ ঘন্টায় নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৬২,৭৯৪ জন। পাশাপাশি বিগত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে ১,২৮৮ জনের। ফলে বাড়তে বাড়তে আমেরিকায় ৩০,২৯৪,৭৯৮-এ পৌঁছে গিয়েছে করোনাভাইরাসের সংক্রমণ। আমেরিকায় সময় অনুযায়ী, বুধবার সন্ধ্যা পর্যন্ত ১ হাজার ২৮৮ বেড়ে আমেরিকায় মোট মৃত্যু হয়েছে ৫ লক্ষ ৫০ হাজার ৬৪৯ জনের।

জোন্স হপকিন্স ইউনিভার্সিটির দেওয়া তথ্য অনুযায়ী, আমেরিকায় বিগত ২৪ ঘন্টায় (বুধবার সন্ধ্যা পর্যন্ত) নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৬২ হাজার ৭৯৪ জন। এই সময়ে মৃত্যু হয়েছে ১,২৮৮ জনের। ফলে আমেরিকায় মোট করোনা-আক্রান্তের সংখ্যা ৩০,২৯৪,৭৯৮-এ পৌঁছেছে, মার্কিন মুলুকে এখনও পর্যন্ত করোনা-মুক্ত হয়েছেন ২২,৪৪৭,২৭৫ জন। আমেরিকায় এই মুহূর্তে সক্রিয় রোগীর সংখ্যা ৭২ লক্ষ ৯৬ হাজার ৮৭৪ জন।

# আফগানিস্তানে ক্র্যাশ-ল্যান্ড সেনা চপার, পাইলট-সহ মৃত্যু ৯ জনের

কাবুল, ১৮ মার্চ (হি.স.): আফগানিস্তানের মইদান ওয়ারদাক প্রদেশের বেহুদ জেলায় ক্র্যাশ-ল্যান্ড করল আফগান সেনাবাহিনীর হেলিকপ্টার। চপার দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৯ জনের, তাঁদের মধ্যে পাইলট ছাড়াও ৫ জন জওয়ান রয়েছেন। বুধবার গভীর রাতে বেহুদ জেলায় ক্রাশ-ল্যান্ড করে স্পেশাল ফোর্সের ওই হেলিকপ্টার। হেলিকপ্টারে থাকা ৯ জনেরই মৃত্যু হয়েছে। কী কারণে এই দুর্ঘটনা তা জানতে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার আফগানিস্তানের প্রতিরক্ষা মন্ত্রকের পক্ষ থেকে বিবৃতিতে জানানো হয়েছে, বুধবার গভীর রাত ১.৩০ মিনিট নাগাদ বেহুদ জেলায় ক্রাশ-ল্যান্ড করে স্পেশাল ফোর্সের এমআই-১৭ হেলিকপ্টার। সূত্রের খবর, গুলি করে নামানো হয় হেলিকপ্টারটি। মৃত্যু হয়েছে ৯ জনের। চপার দুর্ঘটনায় মৃত পাইলটের নাম-মহম্মদ করিম রাহিমী।

# মন স্থির করেছেন বঙ্গবাসী ঃ মোদী

● প্রথম পাতার পর

পিছিয়ে পড়া অঞ্চলের পরিচয় দিয়েছে তৃণমূল সরকার।' মমতাকে খোঁচা দিয়ে মোদী বলেন, 'দিদি এত বছরে একটি সেতু তৈরি করতে পারেননি, আর এখন শিল্প ও উন্নয়নের কথা বলছেন? পুরুলিয়া-সহ সমগ্র অঞ্চলের উন্নয়নের অনেক সম্ভাবনা রয়েছে। এজন্য এই অঞ্চলের যোযাযোগকে উন্নত করতে হবে। পশ্চিমবঙ্গের প্রতিটি অংশকে রেলপথের মাধ্যমে যুক্ত করা আমাদের অগ্রাধিকার।'


প্রধানমন্ত্রী বলেন, 'এখানে পর্যটনের উন্নতিতে কোনও কাজ হয়নি। এতবছর একটাও সেতু তৈরি হয়নি। ক্ষমতায় এলে পর্যটন শিল্পের বিকাশ হবে। ২ মে"র পরে এখানে যখন বিজেপি সরকার তৈরি হবে, তখন পশ্চিমবঙ্গে ডানকুনি বিভাগের কাজও শুরু হবে। ২ মে"র পরে এখানে যখন বিজেপি সরকার তৈরি হবে, আমরা এমন সুযোগ-সুবিধা তৈরি করব যা মানুষকে রাজ্য ছেড়ে যাওয়া থেকে বিরত রাখবে।' প্রধানমন্ত্রী আরও বলেন, 'মা-মাটি-মানুষের কথা বলা দিদি যদি দলিত, আদিবাসীদের প্রতি স্নেহ দেখাতেন তাহলে তাঁদের এই অবস্থা হত না।' জনসভায় উপস্থিত জনগণের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেছেন, 'আপনাদের উৎসাহ দেখে মনে হচ্ছে তৃণমূলের পরাজয় নিশ্চিত। এবার পশ্চিমবঙ্গের নির্বাচনে সিন্ডিকেট যাঁরা করে তাঁদের পরাজয় নিশ্চিত। এবার পরাজয় হবে তোলাবাজির।' পুরুলিয়ার জনগণকে আশ্বস্ত করে প্রধানমন্ত্রী বলেছেন, 'যেখানে যেখানে বিজেপি"র সরকার গড়ে উঠেছে, সেখানে জল সঙ্কট আগের তুলনায় অনেকাংশে কমে এসেছে। কিন্তু পুরুলিয়ায় জল সংকট থেকেই গিয়েছে। পুরুলিয়া-সহ জঙ্গলমহলে উন্নয়নের প্রচুর সুযোগ রয়েছে। পরিকাঠামো উন্নয়ন জোর দেওয়া হয়েছে। রেল যোগাযোগ বাড়ানো হবে। ফ্রেইট করিডোরের সম্মতি দেওয়া হয়েছে। ফ্রেইট করিডোর হলে কর্মসংস্থান হবে। পুরুলিয়ার মানুষকে বাইরে যেতে হবে না। এখানে কৃষিভিত্তিক প্রকল্পের উপর জোর দেওয়া হবে। যাতে এখানকার যুবকরা এখানেই কর্মসংস্থান খুঁজে পায় আর অন্য কোথাও তাদের যেতে না হয়। আমি দিল্লিতে থেকেও আপনাদের দুঃখ কষ্ট অনুভব করতে পারি। তাই আমি আপনাদের ভরসা দিতে পারি যে, আপনাদের এই কষ্ট আমি লাঘব করবো।'

তৃণমূলের 'খেলা হবে' স্লোগানকে কটাক্ষ করে প্রধানমন্ত্রী বলেছেন, 'দিদি বলেন খেলা হবে। বিজেপি বলে বিকাশ হবে। দিদি বলেন খেলা হবে। বিজেপি বলে বিকাশ হবে, সোনার বাংলা হবে। দিদি বলেন খেলা হবে। বিজেপি বলে চাকরি হবে, উন্নয়ন হবে, শিক্ষা হবে, হাসপাতাল হবে, স্কুল হবে এবং সোনার বাংলা হবে।' প্রধানমন্ত্রী বলেন, '১০ বছর তোষণের পর, এখন দিদিকে অন্যরকম লাগছে। এটা পরিবর্তন নয়, হেরে যাওয়ার ভয়। দিদি এটা ভুলবেন না, বাংলার মানুষের স্মৃতি খুব তীক্ষ্ণ। তুষ্টিকরণের জন্য আপনার প্রতিটি পদক্ষেপ সম্পর্কে জনগণ অবগত। পশ্চিমবঙ্গের জনগণ অনেক আগে থেকেই নিজেদের মন স্থির করেছেন, লোকসভায় তৃণমূল অর্ধেক, এবার পুরোপুরি শেষ।'

প্রধানমন্ত্রী পুরুলিয়ার জনগণকে আশ্বস্ত করে বলেছেন, 'ছৌশিল্পীদের সম্মান ও রোজগার দুই হবে। দিল্লিতে থেকেও পুরুলিয়ার যন্ত্রণা বুঝি। কৃষি নির্ভর শিল্প গড়ে তোলা হবে। এখন বাংলার জনতা বলছে, প্রত্যেক বাঙালি বলছে, অত্যাচার অনেক করেছো দিদি। ভয় দেখানো তোমার অস্ত্র। রুখে দাঁড়াবে এবার বাংলার মানুষ। মা দুর্গার আশীর্বাদে তুমি পরাস্ত হবে। দিদি রাজনৈতিক ফায়দা নেওয়ার জন্য মাওবাদীদের হিংসাকেও সমর্থন করেছেন। আর এর ফল ভোগ করতে হচ্ছে আপনাদের। গোটা বাংলা জানে কয়লা মাফিয়া, বালি মাফিয়ারা কাদের থেকে থেকে সুরক্ষা পেয়েছে।' মোদী বলেন, 'বিজেপির উত্থান দেখে দিদি আমাকে অসম্মানজনক কথা বলতেও পিছপা হচ্ছেন না। এমনকী বিজেপি কার্যকর্তাদের উপরেও তাঁর রক্তচক্ষু। ভারতবর্ষের কোটি কোটি নারীর মধ্যে তিনিও একজন নারী। তাই আমি তাঁকে সম্মান করি, এটাই আমার সংস্কার।' জনতার উদ্দেশে মোদী বলেন, 'এবারে আপনারাই বলুন পশ্চিমবঙ্গের যুবকদের চাকরি চাই কি-না? নারীর সম্মান চাই কি-না? আদিবাসীদের অধিকার চাই কি-না? সর্বোপরি বাংলার বিকাশ চাই কি-না? আপনাদের এই উদ্যোগ আর উৎসাহই এবার বাংলায় বিজেপি সরকার গড়বে। বাংলায় অপরাধ আছে, অপরাধীরাও আছে, কিন্তু তারা জেলে নেই। অনুপ্রবেশকারীরা স্বাধীনভাবে ভাবে ঘুরে বেড়াচ্ছে। কী অবস্থা বাংলার করে ফেলেছেন দিদি। বুধবার উত্তর ২৪ পরগনায় বোমাবাজি হয়েছে। বিজেপি কার্যকর্তাদের নিশানা করছে তৃণমূল। এই মাফিয়ারাজ চলবে না। টি এম সি মানে ট্রান্সফার মাই কমিশন। বিজেপি ক্ষমতায় এলে আইনের শাসন ফিরবে। কাটমানি, সিন্ডিকেটের কোনও জায়গা থাকবে না। এই সোনার বাংলায় গুন্ডা, সন্ত্রাসবাদীদের জায়গা জেলে হবে, রাস্তায় নয়।'

# ক্রীড়া

## শীর্ষ পাঁচে ফিরলেন কোহলি



ইংল্যান্ডের বিপক্ষে টানা দুই ম্যাচে ফিফটি করে আইসিসি টি-টোয়েন্টি ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে উন্নতি হয়েছে বিরাট কোহলির। শীর্ষ পাঁচে ফিরেছেন ভারত অধিনায়ক। আইসিসি বুধবার ছেলেদের সাপ্তাহিক র‍্যাঙ্কিং প্রকাশ করে। টেস্ট, ওয়ানডে ও টি-টোয়েন্টি তিন সংস্করণেরই হালনাগাদ করা হয়েছে।ইংলিশদের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের দ্বিতীয় ও তৃতীয় ম্যাচে অপরাজিত ৭৩ ও অপরাজিত ৭৭ রান করে কোহলি এক ধাপ এগিয়ে এখন পাঁচ নম্বরে আছেন। টপকে গেছেন দক্ষিণ আফ্রিকার রাসি ফন ডার ডাসেনকে। ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষে আগের মতোই আছেন দাভিদ মালান। অ্যারন ফিঞ্চ আছেন দুইয়ে। ইংল্যান্ডের বিপক্ষে সিরিজের প্রথম ম্যাচে ১ রান করা লোকেশ রাহুল পরের দুই ম্যাচে রানের খাতাই খুলতে পারেননি। এতে তিনি নেমে গেছেন চারে, তিনে উঠেছেন বাবর আজম। তৃতীয় টি-টোয়েন্টিতে অপরাজিত ৮৩ রানের ইনিংসে দলকে জেতানো জস বাটলারেরও উন্নতি হয়েছে র‍্যাঙ্কিংয়ে। তিনি এগিয়েছেন পাঁচ ধাপ, আছেন ১৯তম স্থানে। ২০১৮ সালে ক্যারিয়ার সেরা ১৭ নম্বরে উঠেছিলেন এই ইংলিশ কিপার-ব্যাটসম্যান। ইংল্যান্ড ব্যাটসম্যানদের মধ্যে জনি বেয়ারস্টো দুই ধাপ উপরে উঠে আছেন ১৪ নম্বরে। দারুণ ফর্মে থাকা জেসন রয় চার ধাপ এগিয়ে এখন ২৪তম। ভারতীয় ব্যাটসম্যানদের মধ্যে শ্রেয়াস আইয়ার (৩২ ধাপ এগিয়ে ৩১তম) ও রিশাভ পান্তেরও (৩০ ধাপ এগিয়ে ৮০তম) উন্নতি হয়েছে। অলরাউন্ডারদের তালিকায় দুই ধাপ এগিয়ে ১১তম স্থানে ওয়াশিংটন সুন্দর। দুই দলের বোলারদের মধ্যে ইংল্যান্ডের তিন পেসার জফ্রা আর্চার, মার্ক উড ও স্যাম কারানের উন্নতি হয়েছে। ভারতের দুই পেসার শার্দুল ঠাকুর ও ভুবনেশ্বর কুমার উপরে উঠেছেন। আগের মতোই শীর্ষ তিন স্থানে রশিদ খান, তাবরাইজ শামসি, মুজিব-উর-রহমান। ওয়ানডে ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে উন্নতি হয়েছে শেই হোপের। শ্রীলঙ্কার বিপক্ষে সিরিজ সেরা হওয়া ওয়েস্ট ইন্ডিজ কিপার-ব্যাটসম্যান পাঁচ ধাপ এগিয়েছেন। তিন ম্যাচে যথাক্রমে ১১০, ৮৪ ও ৬৪ রান করা এই খেলোয়াড় এখন ডেভিড ওয়ার্নারের সঙ্গে যুগ্মভাবে আছেন সাত নম্বরে। ২০১৯ সালে ক্যারিয়ার সেরা চতুর্থ স্থানে উঠেছিলেন তিনি। ক্যারিবিয়ান ব্যাটসম্যানদের মধ্যে আর এগিয়েছেন নিকোলাস পুরান, এভিন লুইস ও ড্যারেন ব্রাভো। আলজারি জোসেফের উন্নতি হয়েছে বোলারদের র‍্যাঙ্কিংয়ে। সিরিজে চার উইকেট নেওয়া এই পেসার সাত ধাপ এগিয়ে আছেন ক্যারিয়ার সেরা ২৭তম স্থানে। লঙ্কান ব্যাটসম্যানদের মধ্যে দানুশকা গুনাথিলাকা ২০ ধাপ এগিয়েছেন। তিন ম্যাচের ওয়ানডে সিরিজে তিনি করেন ১৮৭ রান। দলটির বোলারদের মধ্যে উন্নতি হয়েছে ভানিদু হাসারাঙ্গা ও লাকসান সান্দাক্যানের। টেস্টে আফগানিস্তানের হয়ে প্রথম ডাবল সেঞ্চুরি করা হাশমতউল্লাহ শাহিদি র‍্যাঙ্কিংয়ে একশর ভেতর ঢুকেছেন। ৪৭ ধাপ এগিয়ে তিনি আছেন ৯০তম স্থানে। জিম্বাবুয়ের বিপক্ষে দ্বিতীয় টেস্টে ১৬৪ রানের ইনিংস খেলা দলটির অধিনায়ক আসগর আফগান ক্যারিয়ার সেরা ৬৫তম স্থানে উঠে এসেছেন। ওই টেস্টে ১১ উইকেট নেওয়া রশিদ খান আফগান বোলারদের মধ্যে নয় ধাপ এগিয়ে আছেন ৩২ নম্বরে। দ্বিতীয় টেস্টে ফলো অনে পড়া দলের হয়ে ১৫১ রানের অপরাজিত ইনিংস খেলেন জিম্বাবুয়ে অধিনায়ক শন উইলিয়ামস। যার প্রভাব পড়েছে তার র‍্যাঙ্কিংয়ে। তিনি ক্যারিয়ার সেরা ২৪তম স্থানে উঠে এসেছেন। তার ৬২১ রেটিং পয়েন্ট ২০১৪ সালে ব্রেন্ডন টেইলরের ৬৮৪ পয়েন্টের পর জিম্বাবুয়ের হয়ে সর্বোচ্চ।

## মেসিকে রাখতে সর্বোচ্চ চেষ্টার প্রতিশ্রুতি বার্সা সভাপতির



দ্বিতীয় মেয়াদে বার্সেলোনার সভাপতি হিসেবে বুধবার শপথ নিলেন হুয়ান লাপোর্তা। কাম্প নউয়ে হওয়া সন্ধ্যার সেই অনুষ্ঠানের সবচেয়ে আবেগঘন মুহূর্তের একটি ছিল লিওনেল মেসিকে তার স্নেহময় আলিঙ্গন। অনুষ্ঠানে জানালেন, অধিনায়ককে ধরে রাখতে তাকে বোঝানোর সর্বোচ্চ চেষ্টা করবেন তিনি। চলতি মৌসুম শেষেই শেষ হবে কাতালান দলটির সঙ্গে ছয়বারের বর্ষসেরা ফুটবলারের চুক্তির মেয়াদ। গত মৌসুম শেষেই ক্লাব ছাড়তে চেয়েছিলেন মেসি। কিন্তু অনিচ্ছা সত্ত্বেও থেকে যান কাম্প নউয়ে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোচ রোনাল্ড কুমান। বার্সেলোনা অধিনায়ক ছাড়াও খেলোয়াড়দের মধ্যে ছিলেন জেরার্দ পিকে, সের্হিও বুসকেতস, সের্হিও রবের্তো। সেখানে মেসিকে নিয়ে আবেগঘন এক বক্তৃতা দেন লাপোর্তা।"আমাদের যা করার করব। উদাহরণ হিসেবে বলা যায় মেসির কথা, তাকে ক্লাবে থেকে যেতে রাজি করানোর চেষ্টা করব। দুঃখিত লিও আমি আমার সর্বোচ্চ চেষ্টা করব এবং সে এটা জানে।" "এখানে থেকে যাওয়ার জন্য অবশ্যই তাকে আমরা রাজি করানোর চেষ্টা করব। কারণ, সে ইতিহাসের সেরা ফুটবলার। আমি তোমাকে ভালোবাসি এবং বার্সেলোনাও তোমাকে ভালোবাসে। এই স্টেডিয়াম যদি পূর্ণ থাকত, তুমি যেতে চাইতে না।"

## কিসের ভিত্তিতে পাকিস্তানে দল নির্বাচন, প্রশ্ন আফ্রিদির



পাকিস্তান দলে খেলোয়াড় নির্বাচনের মানদণ্ড নিয়ে প্রশ্ন তুলেছেন শহিদ আফ্রিদি। কিসের ভিত্তিতে একজন ক্রিকেটারকে দলে নেওয়া হয়, বুঝতেই পারেন না দেশটির সাবেক এই অধিনায়ক। দল নির্বাচনে অধিনায়কের মতামতকে বেশি গুরুত্ব দেওয়া উচিত বলে মনে করেন তিনি। আফ্রিদির মন্তব্যের প্রেক্ষাপট দক্ষিণ আফ্রিকা ও জিম্বাবুয়ে সফরের পাকিস্তান দল। বেশ কিছু পরিবর্তন এনে গত শুক্রবার তিন সংস্করণের দল ঘোষণা করে পিসিবি। পাকিস্তানের কয়েকটি গণমাধ্যমের খবর, দল গঠনে অধিনায়ক বাবর আজমের চাওয়াকে উপেক্ষা করা হয়েছে। নিজের ক্ষোভের কথা নাকি বোর্ডের প্রধান নির্বাহী ওয়াসিম খানকে জানিয়েছেনও বাবর। পিসিবি যদিও বলছে, এসব খবরের সত্যতা নেই। লাহোরে বুধবার এক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আফ্রিদি জানান নিজের ভাবনা। তার মতে, অধিনায়ককে আরও ক্ষমতা দেওয়া উচিত। "অধিনায়কের ওপর অনেক চাপ থাকে। গণমাধ্যমের প্রশ্নের জবাবও দিতে হয় তাকেই। ভবিষ্যতে বাবর আজমকে অধিনায়ক হিসেবে রাখতে চাইলে তাকে ক্ষমতা দিতে হবে। তার সঙ্গে আমাদের কাজ করতে হবে।" নির্বাচক, কোচ ও অধিনায়ককে একসঙ্গে কাজ করার আহ্বান জানালেন আফ্রিদি। বোর্ডের অভ্যন্তরীণ বিষয় বাইরে আসা উচিত নয় বলেও মনে করেন তিনি। "শুনতে পাচ্ছি তাদের মধ্যে মত পার্থক্য আছে। তবে এই বিষয়গুলি ফাঁস করা উচিত নয়। বোর্ডের অভ্যন্তরীণ বিষয় ফাঁস করা ঠিক নয়।" এরপরই তিনি প্রশ্ন তোলেন দল নির্বাচনের মানদণ্ড নিয়ে। "কেউ হয়তো কোনোমতে দুয়েক ম্যাচ খেলেছে তাকে দলে নেওয়া হচ্ছে। উদাহরণ হিসেবে নাসিম শাহর কথা বলা যায়। তাকে দলে নেওয়া হয়েছিল এবং তাকে বেশ অভিজ্ঞ বোলারদের সঙ্গে খেলতে দেওয়া হয়েছিল। কিন্তু এখন তাকে আর কোথাও দেখা যাচ্ছে না। কোনো খেলোয়াড়ের ওপর বিনিয়োগ করলে তাকে দলের সঙ্গে রেখে এগিয়ে নিয়ে যেতে হবে।"

## করোনাভাইরাস: আক্রান্ত ইন্টার মিলান গোলরক্ষক



প্রথম পছন্দের গোলরক্ষককে আপাতত পাচ্ছে না ইন্টার মিলান। করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন অধিনায়ক সামির হান্দানোভিচ। দলটির ফুল ব্যাক দানিলো দি'আমব্রোসিওর শরীরে করোনাভাইরাস শনাক্ত হওয়ার পরের দিন কোভিড-১৯ পজিটিভ হলেন হান্দানোভিচ। ফলে আগামী শনিবার সেরি আয় সাস্সুয়োলোর বিপক্ষে অধিনায়ককে পাওয়া যাবে না বলে বুধবার এক বিবৃতিতে জানায় ইন্টার। সংক্রমণের বিষয়টি মাথায় রেখে শুক্রবারের সংবাদ সম্মেলনও স্থগিত করেছে ক্লাবটি। আন্তোনিও কন্তের দলের গুরুত্বপূর্ণ খেলোয়াড়দের একজন হান্দানোভিচ। চলতি মৌসুমে ৩৬ বছর বয়সী এই স্লোভেনিয়ান খেলেছেন দলের প্রতিটা ম্যাচ। ১১ বছরের মধ্যে প্রথম লিগ শিরোপা জয়ের দৌড়ে এগিয়ে রয়েছে ইন্টার। দ্বিতীয় স্থানে থাকা এসি মিলানের চেয়ে ৯ পয়েন্টে এগিয়ে রয়েছে তারা।

## করোনাভাইরাসের প্রাদুর্ভাবে পিএসজির অনুশীলন কেন্দ্র বন্ধ




কয়েকজনের শরীরে কোভিড-১৯ শনাক্ত হওয়ার পর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে অনুশীলন কেন্দ্র বন্ধ করে দিয়েছে পিএসজি।এক বিবৃতিতে বুধবার এই ঘোষণা দেয় ফরাসি লিগ ওয়ানের ক্লাবটি।অনুশীলন কেন্দ্র বন্ধ থাকবে আগামী সোমবার পর্যন্ত এবং শুক্রবার হবে আরেক দফা স্ক্রিনিং সেশন।ক্লাবটির পুরুষ দলের কেউ আক্রান্ত হয়নি; বুধবার তারা লিলকে ৩-০ গোলে হারিয়ে ওঠে ফরাসি কাপের কোয়ার্টার-ফাইনালে। আঘাতটা এসেছে ক্লাবটির নারী দলের ওপর। করোনাভাইরাসের প্রাদুর্ভাবে তারা স্পার্তা প্রাহার বিপক্ষে চ্যাম্পিয়ন্স লিগে শেষ ষোলোর ফিরতি পর্বের ম্যাচটি খেলতে পারেনি। স্পার্তার মাঠে ম্যাচটি হওয়ার কথা ছিল বুধবার।ম্যাচটি বাজেয়াপ্ত হলে এবং ৩-০ গোলে হারের নিয়মে পড়লেও পরের রাউন্ডে উঠে যাবে পিএসজির নারীরা। প্রথম লেগে তারা জিতেছিল ৫-০ গোলে।কিলিয়ান এমবাপে-আনহেল দি মারিয়াদের পরের ম্যাচ আগামী রোববার, লিগে পয়েন্ট তালিকার তিন নম্বর দল লিওঁর বিপক্ষে।

## নিউ জিল্যান্ডে টি-টোয়েন্টি সিরিজে নেই তামিম



নিউ জিল্যান্ডে টি-টোয়েন্টি সিরিজে থাকছেন না তামিম ইকবাল। বাংলাদেশের ওয়ানডে অধিনায়ক দেশে ফিরবেন ওয়ানডে সিরিজ খেলেই। ব্যক্তিগত কারণে এই সিরিজ থেকে বিরতি নিচ্ছেন বলে জানিয়েছেন টি-টোয়েন্টিতে দেশের সফলতম ব্যাটসম্যান। ওয়ানডে সিরিজের আগে বৃহস্পতিবার ডানেডিন থেকে ভার্চুয়াল সংবাদ সম্মেলনে তামিম জানান, নিউ জিল্যান্ডে যাওয়ার আগেই এই সিদ্ধান্তের কথা টিম ম্যানেজমেন্টকে জানিয়েছেন তিনি। "টি-টোয়েন্টি সিরিজে দলের জন্য শুভ কামনা থাকবে। দুর্ভাগ্যজনকভাবে আমি খেলতে পারব না, ব্যক্তিগত কারণে এই সিরিজে থাকব না। নিউ জিল্যান্ডে আসার আগেই প্রধান কোচ ও নির্বাচকদের আমি জানিয়েছে এই কথা। ওয়ানডে খেলে দেশে ফিরে যাব। তবে দল অবশ্যই টি-টোয়েন্টি সিরিজেও ভালো করবে বলে আমি আশাবাদী।"

নিউ জিল্যান্ডের বিপক্ষে বাংলাদেশের ওয়ানডে সিরিজ শুরু আগামী শনিবার। তিন ম্যাচের এই সিরিজ শেষে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ শুরু হবে আগামী ২৮ মার্চ। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে বাংলাদেশের একমাত্র সেঞ্চুরিয়ান তামিম। সবচেয়ে বেশি রানও তার, ৭৪ ইনিংসে ১ হাজার ৭০১। ৭৬ ইনিংসে ১ হাজার ৫৬৭ রান করে দুইয়ে সাকিব আল হাসান। এই দুজনেই এবার থাকছেন না টি-টোয়েন্টি সিরিজে। তৃতীয় সন্তান জন্মের সময় স্ত্রীর পাশে থাকার জন্য আগেই নিউ জিল্যান্ড সিরিজ থেকে ছুটি নিয়েছেন সাকিব।

## প্রতিযোগিতার ফাইনালে হেরে আত্মঘাতী 'দঙ্গল' খ্যাত গীতা, ববিতা ফোগটের বোন রীতিকা

কুস্তি প্রতিযোগিতার ফাইনালে হেরে আত্মঘাতী কুস্তিগীর রীতিকা ফোগট। ভারতীয় কুস্তির ইতিহাসে উজ্জ্বল নাম গীতা ও ববিতা ফোগট। তাঁদেরই তুতো বোন রীতিকা। মাত্র ১৭ বছর বয়সি এই কুস্তিগীর স্বক্ষেত্রে যথেষ্ট খ্যাতি অর্জন করেছিল। বৃহস্পতিবার তার আত্মহত্যার খবরে শোকস্তব্ধ ক্রীড়া মহল। ভরতপুরে একটি কুস্তি প্রতিযোগীতার ফাইনালে পরাস্ত হওয়ার পরেই সে আত্মহত্যা করেছে বলে প্রাথমিক ভাবে অনুমান নিকট আত্মীয়দের।ফোগট পরিবারের কথা উঠে এসেছিল আমির খান অভিনীত 'দঙ্গল' ছবিতে। রীতিকাও সেই পরিবারেরই অংশ। রাজ্য স্তরের সাব-জুনিয়র বিভাগে খেলত সে। মার্চ মাসের ১৪ তারিখে ভরতপুরে একটি প্রতিযোগিতার ফাইনাল খেলা হয়।

No.F.1 (32)/CEX/G/NIT/VOL-II/2020/1150-51
Dated 16/03/2021

**ABRIDGED NOTICE INVITING E-TENDER (3RD CALL) FOR SETTLEMENT OF RETAIL VEND OF UDAIPUR NEW TOWN ROAD FOREIGN LIQUOR SHOP UNDER GOMATI DISTRICT.**

It is hereby notified for general information that 01(one) no. of license is proposed to be offered for retail vend of 01(one) no. of Foreign Liquor (FL) shop under Gomati District, through e-tender method for the year 2020-21, 2021-22, 2022-23 under the provisions of Rule 154 read with Rule 29A and Rule 22 of the Tripura Excise Rules, 1990. Details related to e-tender can be obtained from online website haps: / itripuratenders.gov.in and can be seen in the office notice board of the Collector of Excise, Gomati District, Udaipur. The last date of downloading and bidding e-tender is on 07/04/2021 up to 05.30 PM. Technical bid will be opened online in the next working day by bid openers and after evaluation of Technical bid, the Financial bids of the technically qualified bidders will be opened. Intending Appropriate Class of Bidders shall bid only in online website https:// tripuratenders.gov.in and it will not allow any bidder to bid after the scheduled date and time. Submission of bids physically or by post or by courier is not permitted. Corrigendum/ addendum if any will be published on the above website.

ICA-C-3446/21

**(Dr. T. K.Debnath, IAS)**
**Collector of Excise**
**(DM & Collector)**
**Gomati District, Udaipur**



বৃহস্পতিবার আগরতলায় এলআইসি এর কর্মীরা কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে ধর্মঘট পালন করেছেন। ছবি নিজস্ব।

# জরুরি পরামর্শ করতে ওয়াশিংটন ছাড়ছেন রুশ রাষ্ট্রদূত

**ওয়াশিংটন, ১৮ মার্চ (হি.স.) :** মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে খুনি বলায় ওয়াশিংটন থেকে রুশ রাষ্ট্রদূতকে ফিরিয়ে আনার ঘোষণা দিয়েছে মস্কো। আলোচনার জন্য তাকে ফিরিয়ে আনা হচ্ছে বলে জানিয়েছে দেশটি। জানা গেছে তিনি শনিবার ওয়াশিংটন ছাড়বেন রুশ রাষ্ট্রদূত। সম্প্রতি মার্কিন গণমাধ্যমকে দেওয়া বিশেষ এক সাক্ষাৎকারে ভ্লাদিমির পুতিনকে একজন 'খুনি' আখ্যা দেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি বলেন, '২০২০ সালের মার্কিন নির্বাচনে ট্রাম্পের পক্ষে মস্কোর হস্তক্ষেপের কারণে 'পুতিনকে মূল্য দিতে হবে' বলেও জানান ৭৮ বছর বয়সী বাইডেন।' বাইডেনের এই মন্তব্যকে গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়েছে মস্কো। ওয়াশিংটনে নিযুক্ত রাশিয়ার রাষ্ট্রদূতকে তাই জরুরি ভিত্তিতে তারা ফিরিয়ে আনার সিদ্ধান্ত নিয়েছে। এর কারণ হিসেবে রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, ওয়াশিংটনে নিযুক্ত রুশ রাষ্ট্রদূত আনাতোলি আন্তোনভকে মস্কোতে ফিরে আসার জন্য বলা হয়েছে। বর্তমান অবস্থার প্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কের উন্নয়নে কী কী করা উচিত এবং কোথায় কোথায় যাওয়া উচিত; সেটা নিয়ে আলোচনা এবং বিশ্লেষণ করতেই তাকে ফিরিয়ে আনা। যদিও বাইডেনের এমন মন্তব্য অবশ্য পুতিনকে নিয়ে তার পূর্বসূরি ডোনাল্ড ট্রাম্পের অবস্থানের সম্পূর্ণ বিপরীত। কারণ ট্রাম্প রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন সম্পর্কে নেতিবাচক কিছু বলা থেকে বিরত ছিলেন।

রুশ পার্লামেন্টের নিম্নকক্ষের স্পিকার ভিয়াশেস্লাভ ভ্লোদিন তীব্র প্রতিক্রিয়া জানিয়ে বলেছেন, 'বাইডেন আমাদের দেশকে অপমান করেছেন। কারণ পুতিনের বিরুদ্ধে আক্রমণ মানে রাশিয়ার ওপর আক্রমণ।'

## ভোটব্যাঙ্ক রাজনীতিতে বিশ্বাসী নয় বিজেপি সরকার : নকভি

**নয়াদিল্লি, ১৮ মার্চ (হি.স.):** ভোটব্যাঙ্ক রাজনীতিতে বিশ্বাস করে না বিজেপি সরকার। সংখ্যালঘু-সহ সমাজের সমস্ত বর্গ সরকারের দ্বারা চালু করা বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধা নিচ্ছে। বৃহস্পতিবার লোকসভায় এই কথা জানিয়েছেন কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী মুক্তার আব্বাস নকভি। লোকসভায় প্রশ্নোত্তর পর্বে নকভি বলেছেন, 'মর্যাদার সঙ্গে উন্নয়নের লক্ষ্যে কাজ করে চলেছে সরকার।' তিনি আরও বলেন, 'আমাদের সরকার ভোটব্যাঙ্কের রাজনীতিতে বিশ্বাস করে না...এবং ভবিষ্যতেও করবে না।

# লুধিয়ানা-সহ ৯ জেলায় রাত ন'টা থেকেই নৈশ কারফিউ

**অমৃতসর, ১৮ মার্চ (হি.স.):** করোনাভাইরাসের সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে পঞ্জাবে। ফলে চিন্তায় রয়েছে অমরিন্দর সিং সরকার। কোভিড-১৯ ভাইরাসের বাড়বাড়ন্তের কথা বিবেচনা করে পঞ্জাবে বাড়ানো হচ্ছে নৈশ কারফিউর সময়। এবার থেকে রাত এগারোটা থেকে নয়, লুধিয়ানা-সহ পঞ্জাবের ৯ জেলায় রাত ন'টা থেকেই লাগু থাকবে নৈশ কারফিউ। বাকি আটটি জেলা হল-জলন্ধর, পাটিয়ালা, মোহালি, অমৃতসর, গুরুদাসপুর, হোশিয়ারপুর, কাপুরথালা এবং রোপার। পঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং বৃহস্পতিবার বলেছেন, 'এবার থেকে রাত এগারোটা থেকে পাঁচটা পর্যন্ত নয়, রাত ন'টা থেকে সকাল পাঁচটা পর্যন্ত বলবৎ থাকবে নৈশ কারফিউ। লুধিয়ানা, জলন্ধর, পাটিয়ালা, মোহালি, অমৃতসর, গুরুদাসপুর, হোশিয়ারপুর, কাপুরথালা এবং রোপার এই পাঁচটি জেলায় রাত ন'টা থেকে সকাল পাঁচটা পর্যন্ত লাগু থাকবে নৈশ কারফিউ। এই সমস্ত জেলাগুলিতেই ১০০-র বেশি আক্রান্তের সংখ্যা সামনে এসেছে।' উদ্বেগ প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেছেন, 'বুধবার সন্ধ্যা পর্যন্ত ২,০৩৯ জন নতুন করে আক্রান্ত হয়েছেন এবং ৩৫ জনের মৃত্যু হয়েছে। ২৮৩ জন অক্সিজেন সাপোর্টে রয়েছেন।'

এদিন মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং বলেছেন, 'মিডিয়া রিপোর্টের মাধ্যমে আমি জানতে পেরেছি, হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী আমার কাছ থেকে চাইছেন আমি ধর্মীয় উদ্দেশে পঞ্জাব থেকে হিমাচলে যাওয়া মানুষের প্রবেশে বিধিনিষেধ আনি। আমি এই সিদ্ধান্তের পক্ষে। এ বিষয়ে আমার সঙ্গে এখনও যোগাযোগ করা হয়নি।'

# কাবুলে সরকারি কর্মীদের বাসে বিস্ফোরণে চারজনের প্রাণহানি, জখম কমপক্ষে ১৪ জন

**কাবুল, ১৮ মার্চ (হি.স.):** সন্ত্রাসী হামলায় ফের রক্তাক্ত হল আফগানিস্তানের রাজধানী কাবুল। বৃহস্পতিবার সকালে কাবুলের ডিস্ট্রিক্ট ১৭-এর সর-ই-কোটাল এলাকায় সরকারি কর্মীদের বাসে বিস্ফোরণে প্রাণ হারিয়েছেন ৪ জন। এছাড়াও আরও ১৪ জন গুরুতর জখম হয়েছেন। আফগানিস্তানের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল ৭.২০ মিনিট নাগাদ ডিস্ট্রিক্ট ১৭-এর সর-ই-কোটাল রোডে সরকারি কর্মীদের বাসে বিস্ফোরণ হয়। বিস্ফোরণে মৃত্যু হয়েছে ৪ জনের এবং ১৪ জন জখম হয়েছেন। জখম অবস্থায় ১৪ জনকে নিকটবর্তী হাসপাতালে ভর্তি করা হয়েছে। হামলার দায় স্বীকার করেনি কোনও জঙ্গি সংগঠন।

অন্যদিকে, বুধবার গভীর রাতে আফগানিস্তানের মইদান ওয়ারদাক প্রদেশের বেহুদ জেলায় ক্রাশ-ল্যান্ড করে সেনাবাহিনীর একটি হেলিকপ্টার। হেলিকপ্টারে থাকা ৯ জনেরই মৃত্যু হয়েছে। কী কারণে এই দুর্ঘটনা তা জানতে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার আফগানিস্তানের প্রতিরক্ষা মন্ত্রকের পক্ষ থেকে বিবৃতিতে জানানো হয়েছে, বুধবার গভীর রাত ১.৩০ মিনিট নাগাদ বেহুদ জেলায় ক্রাশ-ল্যান্ড করে স্পেশাল ফোর্সের এমআই-১৭ হেলিকপ্টার। সূত্রের খবর, গুলি করে নামানো হয় হেলিকপ্টারটি। মৃত্যু হয়েছে ৯ জনের। চপার দুর্ঘটনায় মৃত পাইলটের নাম-মহম্মদ করিম রাহিমী।

## মধ্যপ্রদেশে মিনি ট্রাক উল্টে মৃত ৫ আহত ৪৬ জন

**মন্ডলা (মধ্যপ্রদেশ), ১৮ মার্চ (হি.স.):** মধ্যপ্রদেশের মন্ডলা জেলায় নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল যাত্রীবোঝাই একটি মিনি-ট্রাক। মিনি-ট্রাক উল্টে প্রাণ হারিয়েছেন ৫ জন, এছাড়াও কমপক্ষে ৪৬ জন কমবেশি আহত হয়েছেন। হতাহতরা একটি বিয়েবাড়ি থেকে ফিরছিলেন। বৃহস্পতিবার বেলা এগারোটা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে পোটলা গ্রামের কাছে। বিয়ের অনুষ্ঠান শেষে চান্দেরা থেকে দেব ডোঙরি গ্রামে ফিরছিলেন তাঁরা। মৃতদের মধ্যে দু''জন মহিলা এবং ৩ জন পুরুষ। জেলা পুলিশ সুপার যশপাল সিং পরিহার জানিয়েছেন, 'বিয়ের অনুষ্ঠান শেষে চান্দেরা থেকে দেব ডোঙরি গ্রামে ফিরছিলেন বিয়েবাড়ির অতিথিরা। বৃহস্পতিবার বেলা এগারোটা নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে পোটলা গ্রামের কাছে। মিনি-ট্রাক উল্টে প্রাণ হারিয়েছেন দু''জন মহিলা এবং ৩ জন পুরুষ। আহতদের মন্ডলা এবং জববলপুরের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## মিজোরামে উদ্ধার ৫০ লক্ষ টাকার হেরোইন গ্রেফতার এক মহিলা সহ পাঁচ

আইজল, ১৮ মার্চ (হি.স.) : মিজোরামে আসাম রাইফেলস-এর অভিযানে উদ্ধার হয়েছে প্রায় ৫০ লক্ষ টাকার নেশাদ্রব্য হেরোইন। মাদক পাচারের অভিযোগে এক মহিলা সহ পাঁচ তস্করকে আটক করে গ্রেফতার করা হয়েছে।

আজ বৃহস্পতিবার আসাম রাইফেলস-এর অফিশিয়াল টুইটে এই খবর দিয়ে বলা হয়েছে, গত ১৬ এবং ১৭ তারিখ থুয়ামপুইয়ে আসাম রাইফেলস-এর ২৩ নম্বর আইজল ব্যাটালিয়ন, আবগারি ও নারকোটিক দফতরের আধিকারিকদের যৌথ অভিযানে ১০৯ গ্রাম ওজনের হেরোইন (৪ নম্বর) উদ্ধার হয়েছে। এই সব হেরোইন পাচারের অভিযোগে এক মহিলা সহ পাঁচ জনকে আটক করা হয়েছে।

পুলিশ কর্তৃপক্ষ জানিয়েছেন, এর মধ্যে প্রথম দিন তারা ৪৮ গ্রাম এবং দ্বিতীয় দিন ৬১ গ্রাম হেরোইন (৪নম্বর) উদ্ধার করেছেন যৌথ অভিযানকারীরে। উদ্ধারকৃত হেরোইনগুলির বর্তমান বাজারদর প্রায় ৫০ লক্ষ টাকা হবে বলে জানিয়েছে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে নারকোটিক ড্রাগস অ্যান্ড সাইকোট্রপিক সাবসট্যান্সেস অ্যাক্ট, ১৯৮৫ (এনডিপিএস)-এর নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে বলে জানিয়ছেন পুলিশ কর্তৃপক্ষ।

# বিজেপিতে যোগ দিয়েই "জয় শ্রীরাম ধ্বনি" নিয়ে মমতাকে কটাক্ষ করলেন অরুণ গোভিল

**নয়াদিল্লি, ১৮ মার্চ (হি.স.) :** বিজেপিতে যোগ দিয়েই "জয় শ্রীরাম ধ্বনি" নিয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কটাক্ষ করলেন শ্রীরামের নামভূমিকায় অভিনয় করা অরুণ গোভিল। তিনি বলেন, "জয় শ্রীরাম তো কোনও স্লোগান নয়, এটা আমাদের জীবনের অংশ, আদর্শ ও সংস্কারের অংশ। আজ দেশের একজনেরই সেই কথায় অ্যালার্জি।" তিনি বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় জয় শ্রীরাম ধ্বনি শুনলেই কেন রেগে যাচ্ছেন বুঝতে পারছি না।

শ্রীরামের নামভূমিকায় অভিনয় করার ৩৩ বছর পর বিজেপিতে যোগ দিয়ে তিনি রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেও কটাক্ষ করতে ছাড়েননি। এদিন তিনি বলেন, "মুখ্যমন্ত্রীর শ্রীরাম স্লোগানে অদ্ভুত অ্যালার্জি রয়েছে। জয় শ্রীরাম তো কোনও স্লোগান নয়, এটা আমাদের জীবনের অংশ, আদর্শ ও সংস্কারের অংশ। আজ দেশের একজনেরই সেই কথায় অ্যালার্জি। এটা অনেকটা ধর্মযুদ্ধের মত। অধর্মীদের কথাতেও এতটা আঘাত লাগে না, যতটা ধর্মের পালনকর্তারা নিশ্চুপ হয়ে বসে থাকলে হয়। তাই আমি আর মৌন হয়ে থাকতে চাই না। বিজেপির জন্য, দেশের জন্য যতটা করা সম্ভব, আমি করব।"

আজ বিজেপিতে যোগ দিয়ে অরুণ গোভিল বলেন, "আমি মনে করি সব কাজেরই একটি নির্দিষ্ট সময় হয়। বিজেপি আসার আগে রাজনীতির পরিভাষা আলাদা ছিল। আমার মতে, রাজনীতি সমাজে অবস্থানের জন্য নয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশ সামলানোর দায়িত্ব নেওয়ার পরই রাজনীতির পরিভাষায় সম্পূর্ণ পরিবর্তন এসেছে। আমি রাজনীতি করতে নয়, নিজের কর্তব্য পালন করতে এসেছি। অভিনয় জগতে রাম চরিত্রে যেটুকু অবদান রাখার ছিল, তা করেছি। এখন দেশের সেবা ও সংস্কারেও নিজের অবদান রাখতে চাই। এরজন্য একটি প্ল্যাটফর্মের প্রয়োজন ছিল, যেখানে কথা বললে সকলে শুনবে। বিজেপির থেকে ভাল প্ল্যাটফর্ম আর কিছু হতে পারে না। এখানে কোনও কথা বললে তা মানুষের কাছে পৌঁছবে।"

# অসমের ১৫ জন বিজেপি নেতা ছয় বছরের জন্য দল থেকে বহিষ্কৃত

**গুয়াহাটি, ১৮ মার্চ (হি.স.) :** দল-বিরোধী কার্যকলাপের অভিযোগে অসম প্রদেশ বিজেপি দলীয় ১৫ জন নেতাকে ছয় বছরের জন্য বহিষ্কৃত করেছে। বহিষ্কৃতরা যথাক্রমে শিলচরের বিধায়ক দিলীপকুমার পাল, নাওবৈচার রাও গজেন্দ্র সিং, চাবুয়ার প্রিয়াঙ্কা নেওগ, ডুমডুমার তিনজন যথাক্রমে লক্ষেশ্বর মরান, দেবজিৎ মরান ও রাজেশ কিষাণ, ঢেকিয়াজুলির তরুণ সাহু, লক্ষ্মীপুর (কাছাড় জেলা)-এর থউবা সিংহ, সোনাইয়ের আশিস হালদার, হাইলাকান্দির দুজন ক্ষিতীশরঞ্জন পাল ও মনোজমোহন দেব, কাটলিছড়ার রামকুমার নুনিয়া, বৈঠালাংসোর সীমা ইংতিপি, বরসলার হেমন্ত অধিকারি এবং ডিফুর দিলীপ বে।

অসম প্রদেশ বিজেপি সভাপতি রঞ্জিতকুমার দাস দল থেকে এই পনেরোজনকে বহিষ্কার করেছেন বলে জানিয়েছেন প্রদেশ সাধারণ সম্পাদক তথা শিলচরের সাংসদ ডা. রাজদীপ রায়। এ সম্পর্কে ডা. রায় এক প্রেসবার্তায় বলেছেন, ভারতীয় জনতা পার্টির মনোনীত প্রার্থী তথা দলীয় সিদ্ধান্তের বিরুদ্ধাচরণ করে নির্দল প্রার্থী হিসেবে এঁরা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ময়দানে নেমেছেন। তাই দল-বিরোধী কার্যে লিপ্ত হওয়ায় তাঁদের দলীয় সংবিধানের ধারা ২৫-এর উপধারা ৯ অনুযায়ী অসম প্রদেশ বিজেপি সভাপতি রঞ্জিতকুমার দাস তাৎক্ষণিকভাবে বলবৎযোগ্য ছয় বছরের জন্য প্রাথমিক সদস্য থেকে বহিষ্কার করেছেন।

# ভারতে ২৩-কোটির উর্ধ্বে করোনা-টেস্ট সক্রিয় রোগী বেড়ে ২.২০ শতাংশ

**নয়াদিল্লি, ১৮ মার্চ (হি.স.):** বাড়তে বাড়তে ভারতে ২৩-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। বৃহস্পতিবার সকালে ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৭ মার্চ সারা দিনে ১০,৬৩,৩৭৯ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ২৩,০৩, ১৩,১৬৩-এ পৌঁছে গিয়েছে।

চিন্তা বাড়িয়ে ভারতে দ্রুত বেড়েই চলেছে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা। একধাক্কায় বিগত ২৪ ঘন্টায় বেড়েছে ১৭,৯৫৮ জন। বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনা-মুক্ত হয়েছেন ১৭,৭৪১ জন। বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে করোনা-আক্রান্ত ১,৫৯, ২১৬ জনের মৃত্যু হয়েছে (১.৩৯ শতাংশ)। বিগত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে ১৭২ জনের। ভারতে সুস্থতার সংখ্যা বেড়ে হয়েছে ১, ১০,৬৩,০২৫ জন (৯৬.৪১ শতাংশ)। বিগত ২৪ ঘন্টায় ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা অনেকটাই বেড়েছে, ১৭, ৯৫৮ জন বেড়ে এই মুহূর্তে ভারতে মোট ২,৫২,৩৬৪ জন করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন (২.২০ শতাংশ)।




# ১৭ এপ্রিল মিজোরামের সেরচিপ আসনে উপনির্বাচন

**আইজল, ১৭ মার্চ (হি.স.) :** আগামী ১৭ এপ্রিল মিজোরামের সেরচিপ আসনে উপনির্বাচনের দিন ঘোষণা করেছে নির্বাচন কমিশন। আগামী ৩ এপ্রিলের মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে এবং আগামী ৩১ মার্চ মনোনয়নপত্র বিবেচনা করে দেখা হবে। দুটো সংসদীয় কেন্দ্র ও ১৪টি বিধানসভা আসনের উপনির্বাচনের গণনা একযোগে ২ মে-তেই হবে।

গত ২০ জানুয়ারি প্রকাশিত সাম্প্রতিকতম ভোটার তালিকা অনুযায়ী সেরচিপ কেন্দ্রে ১০, ১৯৪ মহিলা সমেত মোট ১৯, ২৯৬ জন ভোটার আছেন। এই কেন্দ্রে ২৯টি ভোট কেন্দ্র রয়েছে। মিজোরাম বিজেপি একটি টুইটার বার্তায় এই খবর দিয়ে জানিয়েছে, সেরচিপ কেন্দ্রের আসন্ন উপনির্বাচনের জন্য রাজ্যে প্রস্তুতিপর্ব চলছে। কেন্দ্রের প্রতিটি ভোটকেন্দ্রের দায়িত্বপ্রাপ্তদের নামও ঘোষণা করা হয়েছে। একটি বৈঠকে উপনির্বাচনের জন্য দলের দায়িত্ব এবং কর্তব্য বিষয়ে আলোচনা করা হয়।

২০১৮ সালের ১৮ নভেম্বর বিধানসভা নির্বাচনে নির্দলীয় টিকিটে জয়ী বিধায়ক লালদুহোমার বিধায়কত্ব বাতিল হওয়ায় সেরচিপ কেন্দ্রে উপনির্বাচন বাধ্য হয়ে গিয়েছিল। উল্লেখ্য, গত নভেম্বর মাসে দলবদল-বিরোধী আইনের জন্য লালদুহোমার বিধায়কত্ব বাতিল হয়।

আসন্ন উপনির্বাচনকে ঘিরে ক্ষমতাসীন মিজো ন্যাশনাল ফ্রন্ট (এমএনএফ), প্রধান বিরোধী দল জোরাম পিপলস মুভমেন্ট (জেডপিএম) এবং কংগ্রেস প্রত্যেকেই নিজ নিজ প্রার্থীর নাম ঘোষণা করেছে। এর মধ্যে এমএনএফ-এর প্রার্থী দলের উপ-সভাপতি ও প্রাক্তন সাংসদ ও প্রাক্তন বিধায়ক ভানলালজাওমা, জেডপিএম-এর প্রধান লালদুহোমা তাঁর দলের হয়ে, কংগ্রেসের হয়ে দলের প্রধান পিসি লালতলানসাংগা লড়বেন উক্ত কেন্দ্র থেকে।

বিজেপি ও পিপলস কনফারেন্স তাদের প্রার্থীর নাম এ পর্যন্ত দেয়নি। তবে সংশ্লিষ্ট দলীয় সূত্রে বিজেপি তাদের মুখপাত্র লালহ্রিয়াত্রেঙ্গা ছাংতেকে ও পিসি তাদের উপ-সভাপতি ভানলালরুয়াতাকে প্রার্থী করবে বলে জানা গেছে।

## ডিমা হাসাও জেলায় কোনও অবস্থায় পঞ্চায়েতরাজ প্রবর্তিত হবে না, কংগ্রেসের অপপ্রচার, বলেছেন দেবোলাল

**হাফলং (অসম), ১৭ মার্চ (হি.স.) :** ডিমা হাসাও জেলায় কোনও অবস্থায় পঞ্চায়েত রাজ প্রবর্তন করা হবে না। ভোটের আগে কংগ্রেস ডিমা হাসাও জেলায় পঞ্চায়েত রাজ প্রবর্তন করতে চাইছে বিজেপি, এই কথা বলে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে বলে মন্তব্য করেন উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গার্লোসা।

বুধবার সন্ধ্যায় পার্বত্য পরিষদের অতিথিশালায় এক সাংবাদিক সম্মেলন ডেকে দেবোলাল গার্লোসা বলেন, কংগ্রেস দলের কাছে এখন কোনও ইস্যু না থাকায় পঞ্চায়েত রাজ প্রবর্তন আর ষষ্ঠ অনুসূচি বিজেপির হাতে সুরক্ষিত নয় নির্বাচনি প্রচারে গিয়ে কংগ্রেস দল সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করছে। তিনি বলেন, কংগ্রেস ক্ষমতায় এলে পাহাড়ে উপজাতি জনগোষ্ঠীর মানুষ বরং সুরক্ষিত থাকবে না। কারণ ২০১২ সালে পার্বত্য পরিষদে কংগ্রেস ক্ষমতায় থাকার সময় তৎকালীন মুখ্য কার্যবাহী সদস্য দেবজিৎ থাওসেনের নেতৃত্বে পরিষদের কার্যনির্বাহ কমিটি ডিমা হাসাও জেলায় পঞ্চায়েত রাজ প্রবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করে রাজ্যপালের কাছে পাঠিয়ে ডিমা হাসাও জেলায় পঞ্চায়েত রাজ প্রবর্তন করার পোষকতা করেছিল। তিনি বলেন নির্বাচন এলেই কংগ্রেসের ষষ্ঠ অনুসূচি আর পঞ্চায়েত রাজ প্রবর্তনের বিষয়টি মনে পড়ে। দেবোলাল গার্লোসা বলেন, বিজেপির হাতেই একমাত্র ষষ্ঠ অনুসূচি সুরক্ষিত থাকবে। সাংবাদিক সম্মেলনে কংগ্রেস দলকে কটাক্ষ করে দেবোলাল বলেন, কংগ্রেস বলছে এবারের নির্বাচন উন্নয়নের নির্বাচন নয় ষষ্ঠ অনুসূচিকে বাঁচানোর নির্বাচন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।